উত্তর ঃ FND-507, SPDT সুইচ, DPDT সুইচ, LED, ক্যাপাসিটর।

অধ্যায়-৭

একটি স্যাটেলাইট হোম রিসিভার ডিজাইন ও তৈরি (Design and Construct a Satellite Home Receiver)

৭.০ ভূমিকা (Introduction) ঃ

স্যাটেলাইট হল কৃত্রিম উপগ্রহ যা ভূপৃষ্ঠ থেকে 36000 km উপরে অবস্থান করে ভূপৃষ্ঠে অবস্থিত স্টেশনের জন্য রিপিটার স্টেশন হিসাবে সিগন্যাল গ্রহণ ও প্রেরণ করে। সিগন্যাল গ্রহণ করে আমাদের দেখার সুযোগ তৈরি করার জন্য স্যাটেলাইট হোম রিসিভার একটি গুরুত্বপূর্ণ যন্ত্র। এই অধ্যায়ে আমরা একটি স্যাটেলাইট হোম রিসিভার সম্পর্কে বিস্তারিত দক্ষতা অর্জন করবো।



চিত্র ঃ ৭.১ স্যাটেলাইট সিস্টেম

৭.১ সম্পর্কিত ক্যাটালগ ও ম্যানুয়েলসমূহ অধ্যয়ন (Study the related catalogue or manuals) ঃ

আমরা একটি স্যাটেলাইট হোম রিসিভার সার্কিট তৈরির ক্ষেত্রে বিভিন্ন প্রস্তুতকারক কোম্পানির ক্যাটালগ ও ম্যানুয়্যালসমূহ অনুসরণ করতে পারি। আমাদের দেশে উল্লেখযোগ্য প্রতিষ্ঠান রয়েছে যার থেকে আমরা সাহায্য নিতে পারি। এছাড়া ভারত, চীন, কোরিয়া, জাপান, জার্মানসহ বিভিন্ন বিদেশি কোম্পানির ক্যাটালগ ও ম্যানুয়্যাল ব্যবহার করতে পারি। আবার ক্যাটালগ অথবা অন্য একটি সার্কিট সংরক্ষণ করে পর্যবেক্ষণ করে নিতে পারি। যার ফলে পরবর্তীতে আমাদের কাজ করতে সহজ হবে এবং সার্কিটের ভুলত্রুটি ধরতে সুবিধা হবে। নিম্নে স্যাটেলাইট হোম রিসিভার সম্পর্কে বিস্তারিত ধারণা দেওয়া হল ঃ

বাড়ির ছাদের উপরে RO (Receive only) অ্যান্টেনা ব্যবহার করে স্যাটেলাইট TV রিসিভার দ্বারা এক বা একাধিক উপগ্রহের TV প্রোগ্রাম সরাসরি গ্রহণ করা হয়।

স্যাটেলাইট রিসিভারের মূল কাজ হল নির্দিষ্ট চ্যানেল নির্বাচন এবং তাকে 860 থেকে 1450 MHz সীমার ব্লক ফ্রিকুয়েন্সিতে রূপান্তর করা এবং তার মধ্য হতে অডিও ও ভিডিও তথ্য আলাদা করা। সাধারণত একটি অভ্যন্তরীণ মডুলেটর রিসিভারে থাকে এবং অডিও ভিডিও তথ্যকে RF আউটপুটে আলাদা করা হয়। নিম্নে স্যাটেলাইট রিসিভারের বিভিন্ন ব্লকের কাজ বর্ণনা করা হল–


টিউনার ঃ টিউনার 860 থেকে 1450 MHz-এর ফ্রিকুয়েন্সি করে। এই সিগন্যাল LNB হতে আসে। স্থির আউটপুট পেতে হলে টিউনারের গেইন দুর্বল ইনপুট সিগন্যালের জন্য বৃদ্ধি করতে হয়। এজন্য এতে AGC ভোল্টেজের মান হবে +7V।

LC নেটওয়ার্ক ঃ এই নেটওয়ার্ক কয়েল, ক্যাপাসিটর এবং ভ্যারিয়েবল ক্যাপাসিট্যান্স ডায়োড সমন্বয়ে গঠিত। ভেরিক্যাপ ডায়োডে রিভার্স বায়াস পরিবর্তনের ফলে IF রেসপন্স পরিবর্তিত হয়।

70 MHz ফিল্টার ঃ এটা সমস্ত অজানা ফ্রিকুয়েন্সি দূর করে শুধু 70 MHz ফ্রিকুয়েন্সি অতিক্রম করতে পারে।

IF গেইন কন্ট্রোল ঃ এই নিয়ন্ত্রণে IF-এর একটি অংশ নেয়া হয় এবং তাকে বিবর্ধনের জন্য পাঠানো হয়। এই নিয়ন্ত্রণ রিসিভারের পিছনে থাকে।

IF অ্যামপ্লিফায়ার ঃ এটি একটি দুই স্টেজ বিশিষ্ট অ্যামপ্লিফায়ার। এই অ্যামপ্লিফায়ারের মাধ্যমে আকাঙ্ক্ষিত মানে বিবর্ধন ঘটানো হয় এবং পরবর্তীতে ফ্রিকুয়েন্সি ডিসক্রিমিনেটরে পাঠানো হয়।



চিত্র ঃ ৭.২ Satellite Receiver Unit

ডিটেক্টর + অ্যামপ্লিফায়ার ঃ প্রথম IF স্টেজ দ্বারা বিবর্ধনের পর এর একটি অংশ দ্বিতীয় IF স্টেজে এবং অন্য একটি অংশ ডিটেক্টর + অ্যামপ্লিফায়ার অংশে প্রবেশ করে। এখানে পিক ডিটেকশনের দ্বারা ডিসি ভোল্টেজ উৎপন্ন হয়, যাকে পুনঃ অ্যামপ্লিফিকেশনের পরে AGC ভোল্টেজ হিসেবে ব্যবহার করা হয়। এই AGC ভোল্টেজ দ্বারা টিউনারের গেইনকে কন্ট্রোল করা হয়।

ফ্রিকুয়েন্সি ডিমডুলেটর ঃ ভিশন ক্যারিয়ার হতে কম্পোজিট ভিডিও সিগন্যাল এবং ফ্রিকুয়েন্সি মডুলেটেড অ সাবক্যারিয়ার হতে টিউনিং করে অডিও টোন কন্ট্রোলের মাধ্যমে অডিও আউটপুট পাওয়ার জন্য ফ্রিকুয়েন্সি ডিমডু সেকশন ব্যবহৃত হয়।

কম্পারেটর ঃ বেস ব্যান্ড হতে উৎপাদিত ডিসি পটেনশিওমিটারের ভোল্টেজের সাথে যুক্ত হয়। কম্পারেটরের আউটপুট ভোল্টেজ হল টিউনিং ভোল্টেজ যা টিউনারে প্রবেশ করে। এটি AFC এর মাধ্যমে সম্পাদিত হয়।

লো-পাস ফিল্টার ঃ অডিও সাবক্যারিয়ার বাদ দিয়ে এটা ভিডিও ফ্রিকুয়েন্সিকে 4.5 MHz পর্যন্ত অতিক্রম করায়।

ভিডিও অ্যামপ্লিফায়ার ঃ এটা ভিডিও সিগন্যালকে বিবর্ধিত করে এবং তা ভিডিও আউটপুট টার্মিনালে পাওয়া যায়। একে আবার মডুলেটরে প্রয়োগ করে RF out তৈরি করা হয়। ভিডিও সিগন্যালের লেভেল ভিডিও গেইন নিয়ন্ত্রণ করে পাওয়া যায়।

মডুলেটর ঃ মডুলেটর সেকশন অডিও এবং ভিডিও তথ্যকে ক্যারিয়ারের সাথে মডুলেট করে এবং তার আউটপুট F কানেক্টর হতে পাওয়া যায়।

পোলারেটর ব্লক ঃ এই সেকশন হতে পালস ট্রেইন আউটপুট পাওয়া যায়। পালসের উইডথ হয় 0.8-2.8 ms পর্যন্ত এবং একে LNB তে দেয়া হয়। এই ব্লকের সাথে আবার +5V সাপ্লাই থাকে। এই পালস্ 90° রোটেশনে H/V সুইচের মাধ্যমে অ্যান্টেনাকে সঠিক স্থানে স্থাপন করে।

পাওয়ার সাপ্লাই ঃ স্যাটেলাইট রিসিভারের জন্য নিম্নোক্ত পাওয়ার সাপ্লাইয়ের প্রয়োজন হয়।


+ 24V Channel tune

+ 18V LNB এর টিউনারের জন্য

+ 5V LNB এর জেনারেটর ব্লকের জন্য

+ 12V PCB এর বাকি অংশের জন্য

৭.২ সার্কিট ডায়াগ্রাম অংকন (Draw the circuit diagram) ঃ



চিত্র ঃ ৭.৩ স্যাটেলাইট রিসিভার সার্কিট

৭.৩ সার্কিটের প্রয়োজনীয় মালামালের তালিকা (List the materials required for the circuit) ঃ

১। আইসি (IC – S042P)	—	১টি
২। আইসি (IC – LM386)	—	১টি
৩। ট্রানজিস্টর (Tr – BF 241)	—	২টি
৪। চ্যানেল সিলেক্টর (Channel Selector)	—	১টি
৫। ক্যাপাসিটর (Capacitor)	—	২৩টি
৬। রেজিস্টর (Resistor)	—	১২টি
৭। ইন্ডাক্টিভ কয়েল (Inductive Coil)	—	৪টি
৮। স্পিকার (Speaker)	—	১টি
৯। ভেরিয়্যাবল রেজিস্টর (Variable Resistor)	—	১টি
১০। পিসিবি (PCB)	—	১টি

১১। ট্রেইনার বোর্ড (Trainer board)	—	১টি
১২। মাল্টিমিটার (Multimeter)	—	১টি
১৩। সোল্ডারিং আয়রন (Soldering iron)	—	১টি
১৪। সোল্ডারিং লেড (Soldering lead)	—	প্রয়োজনমত
১৫। সোল্ডারিং রজন (Soldering rozon)	—	প্রয়োজনমত
১৬। কানেকটিং ওয়্যার (Connecting wire)	—	প্রয়োজনমত।

৭.৪ প্রয়োজনীয় পিসিবি প্রস্তুত (Prepare the required PCB) ঃ

১। একটি স্যাটেলাইট হোমরিসিভারের সার্কিট ডায়াগ্রাম সংগ্রহ করি।
২। সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী প্রয়োজনীয় যন্ত্রাংশ সংগ্রহ করি।
৩। সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী ট্রেইনার বোর্ডে সার্কিট সাজাই।
৪। প্রয়োজনীয় সরবরাহ সংযোগ স্থাপন করি।
৫। ট্রেইনার বোর্ডে প্রয়োজনীয় পরীক্ষা করি।
৬। সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী সার্কিট লে-আউট ডিজাইন করি।
৭। সার্কিট লে-আউট ভাল করে পরীক্ষা করি।
৮। সার্কিট লে-আউট সঠিক হলে লে-আউটের সাইজ অনুযায়ী একটি কপার ক্লোরাইড বোর্ড নিই।
৯। স্ক্রিন প্রিন্টের সাহায্যে উক্ত বোর্ডের লে-আউটের নকশা তৈরি করি।
১০। প্রয়োজনীয় রাসায়নিক উপকরণের মাধ্যমে PCB তৈরির প্রণালীতে PCB তৈরি করি।
১১। PCB-এর উপর যন্ত্রাংশ স্থাপনের জন্য মার্কিং স্থাপনগুলো ড্রিল মেশিনের সাহায্যে ড্রিল করি।
১২। PCB সঠিকভাবে প্রস্তুত হয়েছে কিনা তা সঠিকভাবে লক্ষ করি।

৭.৫ পিসিবির উপর যন্ত্রাংশসমুহ স্থাপন এবং সোল্ডারকরণ (Insert the components on the PCB and solder them) ঃ


১। ট্রেইনার বোর্ডে সার্কিট যাচাই করা হলে প্রয়োজনীয় যন্ত্রাংশগুলো সংগ্রহ করি।
২। সার্কিট যদি সঠিকভাবে কাজ করে তাহলে সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী সার্কিট লে-আউট তৈরি করি।
৩। সার্কিট লে-আউট অনুযায়ী PCB তৈরির প্রক্রিয়াতে PCB তৈরি করি।
৪। PCB তৈরি করার পর প্রয়োজন অনুযায়ী যন্ত্রাংশের জন্য PCB ড্রিল করি।
৫। সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী PCB-এর উপর যন্ত্রাংশ সঠিকভাবে স্থাপন করি।
৬। PCB এর সমস্ত যন্ত্রাংশ ভালভাবে সোল্ডারিং করি।

৭.৬ একটি কেইজ তৈরি এবং কেইজের মধ্যে পিসিবি স্থাপন (Construct a case and place the PCB into the case) ঃ

১। সোল্ডারিংকৃত PCB-টি ওয়ার্কিং টেবিলের উপর রাখি।
২। PCB অনুযায়ী একটি কভার বক্স তৈরির মালামাল সংগ্রহ করি।
৩। বক্স তৈরির ক্ষেত্রে অ্যালুমিনিয়াম বা স্টিলের উপকরণ ব্যবহার করা যেতে পারে।
৪। PCB-এর সাইজ করে উক্ত মেটালকে প্রয়োজনীয় ব্যবস্থাপনার একটি কভার বক্স তৈরি করি।

৫। কভার বক্সের ভিতর পিসিবি স্থাপন করি।


৬। কভার বক্সটি ভালভাবে পর্যবেক্ষণ করি, যাতে ব্যবহার করতে কোন ধরনের অসুবিধা না হয়।



চিত্র ঃ ৭.৪ Satellite receiver case

৭.৭ ইনপুট/আউটপুট টার্মিনালসমূহ চিহ্নিতকরণ (Identify the input/output terminals) ঃ

একটি স্যাটেলাইট হোম রিসিভারের সাথে অ্যান্টেনা এবং সরবরাহ লাইনের সাথে কীভাবে সংযোগ স্থাপন করতে হবে তার জন্য অবশ্যই ইনপুট / আউটপুট টার্মিনালসমূহ শনাক্ত করতে হবে। নিম্নে চিত্রের মাধ্যমে ইনপুট / আউটপুট টার্মিনাল শনাক্ত করার পদ্ধতি দেখানো হল ঃ



চিত্র ঃ ৭.৫ Connecting system

৭.৮ সার্কিট টেস্ট (Test the circuit) ঃ

১। প্রস্তুতকৃত সার্কিটটি ওয়ার্কিং টেবিলের উপর রাখি।
২। প্রয়োজনীয় সংযোগ ও স্থাপন সঠিক হয়েছে কিনা যাচাই করি।
৩। ইনপুট ও আউটপুট টার্মিনাল শনাক্ত করি।
৪। আউটপুট TV রিসিভারের সাথে সংযোগ স্থাপন করি।
৫। ইনপুট টার্মিনাল ডিশ অ্যান্টেনার লাইনের সাথে সংযোগ স্থাপন করি।
৬। সুইচের মাধ্যমে সার্কিটে প্রয়োজনীয় পাওয়ার সরবরাহ করি।
৭। সার্কিট সঠিকভাবে কাজ করছে কিনা লক্ষ করি।
৮। TV রিসিভারে আউটপুট দিচ্ছে কিনা লক্ষ করি।
৯। যাচাইকৃত প্রয়োজনীয় ফলাফল খাতায় লিপিবদ্ধ করি।

৭.৯ প্রজেক্টের উপর একটি রিপোর্ট প্রস্তুতকরণ (Prepare a report on the project) ঃ

এই প্রজেক্টটি সম্পন্ন করার মাধ্যমে একটি স্যাটেলাইট হোম রিসিভার সার্কিট সম্পর্কে দক্ষতা অর্জন করা হয়েছে। এখানে একটি স্যাটেলাইট হোম রিসিভারের সার্কিট নির্বাচন করে প্রয়োজনীয় মালামাল সংগ্রহের মাধ্যমে একটি PCB তৈরি করা হয়েছে। এ ধরনের প্রজেক্ট ব্যক্তিগত ব্যবহারিক কাজ অথবা বাজারজাতকরণের কাজে আসবে। এ প্রজেক্ট সম্পন্ন করার ফলে ছাত্রজীবন ও কর্মজীবনে অনেক উপকারে আসবে বলে মনে করি।

সম্ভাব্য মৌখিক প্রশ্নোত্তর

১। **স্যাটেলাইট কী?**

উত্তর ঃ স্যাটেলাইট হল কৃত্রিম উপগ্রহ যা ভূপৃষ্ঠ থেকে 36000 km উপরে অবস্থান করে।

২। **স্যাটেলাইটে কয়টি ট্রান্সপন্ডার থাকে?**

উত্তর ঃ স্যাটেলাইটে 12 থেকে 15 টি ট্রান্সপন্ডার থাকে।

৩। **LNB-এর পূর্ণনাম কী?**

উত্তর ঃ LNB-এর পূর্ণনাম-- Low Noise Block down converter.

৪। **স্যাটেলাইট হোম রিসিভারের কাজ কী?**

উত্তর ঃ স্যাটেলাইট হোম রিসিভারের মূল কাজ হল নির্দিষ্ট চ্যানেল নির্বাচন এবং তাকে 860 থেকে 1450 MHz ফ্রিকুয়েন্সিতে রূপান্তর করা।

অধ্যায়-৮

ডিজিটাল বেল
(Digital Bell)

৮.০ ভূমিকা (Introduction) ঃ

ইলেকট্রনিক্স একটি বিশাল ক্ষেত্র, যার একটি অংশ হচ্ছে ডিজিটাল। এটি মডার্ন সায়েন্স এর একটি আবিষ্কার। এই প্রজেক্টটি মূলত একটি ডিজিটাল ইলেকট্রনিক্সের। এ সার্কিটের মাধ্যমে খুব সুন্দর শব্দ উৎপন্ন করা যায়। এতে কারেন্ট অপচয় খুবই কম হয়। এই সার্কিটটিকে ডোরবেল হিসাবে বাসাবাড়ি, অফিস-আদালত ইত্যাদি ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।


৮.১ প্রয়োজনীয় যন্ত্রাংশ (Essential parts) ঃ

১। আইসি (IC – CD 4011)	– ২টি
২। ট্রানজিস্টর (TR –BC147)	– ১টি
৩। ট্রানজিস্টর (TR –BEL 187)	– ১টি
৪। ডায়োড (Diode – IN 4007)	– ১টি
৫। ক্যাপাসিটর (Capacitor- 1KP*f*)	– ১টি
৬। ক্যাপাসিটর (Capacitor – 1μF, 16V)	– ১টি
৭। ক্যাপাসিটর (Capacitor- 4.7μF1 16V)	– ১টি
৮। রেজিস্টর (Resistor- 10E-Brown – Black-Black-Golden)	– ১টি
৯। রেজিস্টর (Resistor- 680E – Blue- Gray- Brown – Golden)	– ১টি
১০। রেজিস্টর Resistor- 47k – Yellow- Violet – Orange- Golden)	– ১টি
১১। রেজিস্টর (Resistor- 1M-Brown Black- Green – Golden)	– ১টি
১২। রেজিস্টর (Resistor- 4M7- Yellow- Violet – Green- Golden)	– ১টি
১৩। রেজিস্টর (Resistor- 33k- Orange- Orange- Orange- Golden)	– ১টি
১৪। পুশ-টু অন সুইচ (Push to ON switch)	– ১টি
১৫। আইসি বেস (IC Base-14pin)	– ২টি
১৬। স্পিকার (Speaker)	– ১টি
১৭। পিসিবি (PCB)	– ১টি
১৮। ট্রেইনার বোর্ড (Trainer board)	– ১টি
১৯। মাল্টিমিটার (Multimeter)	– ১টি
২০। সোল্ডারিং আয়রন (Soldering iron)	– ১টি
২১। সোল্ডারিং লেড (Soldering lead)	– প্রয়োজনমত
২২। কানেকটিং ওয়্যার (Connecting wire)	– প্রয়োজনমত
২৩। ব্যাটারি (Battery) – 6V)	– ১টি।

৮.২ সার্কিট বর্ণনা (Circuit description) ঃ

এই সার্কিটে দুটি আইসি CD4011 ব্যবহৃত হয়। এই আইসিগুলো মূলত ২ ইনপুটের ৪টি NAND গেইটের সমন্বয়ে গঠিত। ১ নং আইসি ON/OFF সুইচ হিসাবে এবং ২ নং আইসি অসিলেটর হিসাবে কাজ করে। অসিলেটর সার্কিট থেকে 10 C/S-এর ফ্রিকুয়েন্সি উৎপন্ন করে। ২ নং আইসি NAND গেইটের তৈরি, যা মূলত ফ্লিপ-ফ্লপ হিসাবে ব্যবহৃত। C এবং D এই ফ্লিপ-ফ্লপের মাধ্যমে 5KHz এর ফ্রিকুয়েন্সি উৎপন্ন করে, যা পরবর্তীতে ট্রানজিস্টর BC 147 এবং BEL 187 এর মাধ্যমে অ্যামপ্লিফাই হয়ে স্পিকারে যায়। স্পিকার উক্ত সিগন্যাল গ্রহণ করে একটি সুন্দর বেল সাউন্ড উৎপন্ন করে। এই সার্কিট পরিচালনা করার জন্য 6V ডিসি সরবরাহের প্রয়োজন হয়।

৮.৩ সার্কিট ডায়াগ্রাম (Circuit diagram) ঃ



চিত্র ঃ ৮.১ ডিজিটাল বেল সার্কিট

৮.৪ কার্যপ্রণালী (Working procedure) ঃ

১। একটি ডিজিটাল বেল সার্কিট ডায়াগ্রাম সংগ্রহ করি।

২। সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী প্রয়োজনীয় মালামাল সংগ্রহ করি।

৩। সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী ট্রেইনার বোর্ডে সার্কিট সাজাই।

৪। সার্কিটের সাথে স্পিকারের সংযোগ প্রদান করি।

৫। সার্কিটে 6V ডিসি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করি।


৬। সার্কিটটি ON করার ব্যবস্থা গ্রহণ করি।

৭। সার্কিটের পুশ টু অন সুইচ প্রেস করি এবং স্পিকারের শব্দ পর্যবেক্ষণ করি।

৮। সার্কিটটি যদি সঠিকভাবে কাজ করে তাহলে সার্কিট ডায়াগ্রাম অনুযায়ী সার্কিট লে-আউট তৈরি করি।

৯। সার্কিট লে-আউট অনুযায়ী PCB তৈরির প্রক্রিয়াতে PCB তৈরি করি।

১০। PCB ড্রিল করি এবং উক্ত PCB তে প্রয়োজনীয় যন্ত্রাংশ স্থাপন করি, যার ধরন নিচের চিত্রের মাধ্যমে দেখানো হল–



চিত্র ঃ ৮.২ ডিজিটাল বেল সার্কিট লে-আউট

১১। PCB এর সমস্ত যন্ত্রাংশ ভালভাবে সোল্ডারিং করি।

১২। সার্কিটের সাথে স্পিকারের ভালভাবে সংযোগ দিই।

১৩। সার্কিটে 6V ডিসি সরবরাহের ব্যবস্থা গ্রহণ করি।

১৪। সার্কিট ON করে সুইচ প্রেস করি এবং পরবর্তীতে স্পিকারের শব্দ পর্যবেক্ষণ করি।

১৫। সার্কিটটি সঠিকভাবে কাজ করলে এটি একটি ব্যবহার উপযোগী কভার বক্সে বন্দি করি।

৮.৫ ডাটা অ্যান্ড রেজাল্ট (Data and results) ঃ

সার্কিটটি ON করার পর যখন পুশ-অন-সুইচ প্রেস করা হল তখন স্পিকারে একটি সুন্দর ডিজিটাল সাউন্ড উৎপন্ন হল।

৮.৬ যাচাই প্রণালী (Testing procedure) ঃ

১। DC 6V এ কোন সমস্যা আছে কিনা ভালভাবে লক্ষ করি।
২। মিটারের সাহায্যে ট্রানজিস্টর দু'টির ভালমন্দ পরীক্ষা করি।
৩। মিটারের সাহায্যে ডায়োডটির ভালমন্দ পরীক্ষা করি।
৪। মিটারের সাহায্যে ক্যাপাসিটরগুলোর ভালমন্দ পরীক্ষা করি।
৫। মিটারের সাহায্যে রেজিস্টরগুলোর ভালমন্দ পরীক্ষা করি।
৬। মিটারের সাহায্যে স্পিকারের ভালমন্দ পরীক্ষা করি।
৭। পুশ-অন-সুইচটির ভালমন্দ ভালভাবে পরীক্ষা করি।
৮। PCB এর সমস্ত যন্ত্রাংশ ভালভাবে সোল্ডারিং করা আছে কিনা লক্ষ করি।
৯। PCB এর কপার সংযোগ ঠিক আছে কিনা তা যাচাই করি।
১০। কোন সংযোগ শর্ট হয়ে আছে কিনা তা মিটারের সাহায্যে যাচাই করি।

৮.৭ রিপোর্ট তৈরিকরণ (Prepare of report) ঃ

এ প্রজেক্টটি সম্পন্ন করার মাধ্যমে একটি ডিজিটাল বেল এর সার্কিট সম্পর্কে দক্ষতা অর্জন করা হয়েছে। এখানে একটি সার্কিট নির্বাচন করে প্রয়োজনীয় মালামাল সংগ্রহের মাধ্যমে একটি PCB তৈরি করা হয়েছে। এই ধরনের প্রজেক্ট ব্যক্তিগত ব্যবহারিক কাজ অথবা বাজারজাতকরণের কাজে আসে। এ প্রজেক্টটি সম্পন্ন করার ফলে ছাত্রজীবনে ও কর্মজীবনে অনেক উপকারে আসে।

সম্ভাব্য মৌখিক প্রশ্নোত্তর

১। **ডিজিটাল বেলের প্রধান সুবিধা কী?**

উত্তর ঃ এতে কারেন্ট অপচয় খুবই কম হয়।

২। **ডিজিটাল বেল কোথায় ব্যবহৃত হয়?**

উত্তর ঃ এ সার্কিট ডোরবেল হিসেবে বাসাবাড়ি, অফিস-আদালত ইত্যাদি ক্ষেত্রে ব্যবহৃত হয়।

৩। **ডিজিটাল বেলে ব্যবহৃত আইসির নাম লিখ।**

উত্তর ঃ ডিজিটাল বেলে ব্যবহৃত আইসি হচ্ছে CD 4011.

৪। **আইসি CD 4011 কী সমন্বয়ে গঠিত?**

উত্তর ঃ এ আইসি ২ ইনপুটের ৪টি NAND গেটের সমন্বয়ে গঠিত।

৫। **এখানে ব্যবহৃত দুটি আইসি কী হিসেবে কাজ করে?**

উত্তর ঃ এখানে ব্যবহৃত ১নং আইসি ON/OFF সুইচ হিসেবে এবং ২নং আইসি অসিলেটর হিসেবে কাজ করে।

৬। **ডিজিটাল বেলের পাঁচটি যন্ত্রাংশের নাম লিখ।**

উত্তর ঃ IC-CD 4011, TR-BC 147, TR-BEL 187, ডায়োড IN 4007, স্পিকার।

অধ্যায়-৯
ভিজুয়্যাল বেসিকের প্রাথমিক আলোচনা (Primary Discussion of Visual Baisc)

৯.০ ভূমিকা (Introduction) ঃ

ভিজুয়্যাল প্রোগ্রামিং জগতে আপনাকে স্বাগতম। ভিজুয়্যাল বেসিক হচ্ছে একটি উইন্ডোজ অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট টুলস, যা দ্বারা উইন্ডোজ অপারেটিং সিস্টেমে চালানোর উপযোগী প্রোগ্রাম তৈরি করা যায়। কম্পিউটার প্রজেক্ট তৈরি করতে মূলত ফ্রন্ট-এন্ড (Front End) এবং ব্যাক-এন্ড (Back End) সফটওয়্যারের প্রয়োজন হয়। প্রজেক্ট মূলত এক ধরনের সফটওয়্যার। ফ্রন্ট-এন্ড সফটওয়্যার হিসাবে ভিজুয়্যাল বেসিক এবং ব্যাক-এন্ড সফটওয়্যার হিসাবে মাইক্রোসফট অ্যাক্সিস আমরা ব্যবহার করবো। ভিজুয়্যাল বেসিক এমন একটি সফটওয়্যার, যার মাধ্যমে অতি সহজে উইন্ডোজ ভিত্তিক সফটওয়্যার তৈরি করা যায়। আর ব্যাক-এন্ড (Back End) সফটওয়্যারের মাধ্যমে ডাটা সংরক্ষণ করা হয়। অর্থাৎ, ডাটাবেস তৈরি বা টেবিল তৈরি করতে ব্যবহার করা হয়। ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে ফর্ম তৈরি করা হয়, অর্থাৎ গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস তৈরি করা হয় এবং মাইক্রোসফট অ্যাক্সিসের মাধ্যমে ডাটা সংরক্ষণ করা হয়।

৯.১ ডস (Dos) অপারেটিং সিস্টেম (Dos Operating System)

ডস (Dos) হলো ডিস্ক অপারেটিং সিস্টেম (Disk Operating System), অর্থাৎ ডিস্ক বা মেমরিতে তথ্য লেখা বা পড়ার (Read/Write) জন্য এক ধরনের অপারেটিং সিস্টেম। অপারেটিং সিস্টেম ব্যতীত কোন কম্পিউটার চালানো সম্ভব নয়। পারসোনাল কম্পিউটারের জন্য (Personal Computer–PC) এর Dos হলো প্রথম অপারেটিং সিস্টেম। Dos অপারেটিং সিস্টেম রান করলে C Prompt দেখা যায়।

```
C : >-
```

চিত্র ঃ ৯.১ C Prompt

এ ধরনের অপারেটিং সিস্টেমে কম্পিউটার চালাতে হলে ব্যবহারকারীকে C Prompt-এ কমান্ড লিখে কাজ করতে হয়। আপনার ডিস্কে কী কী ডিরেক্টরি আছে তা দেখতে dir কমান্ড ব্যবহার করা হয়। যেমন— C : \> dir

৯.২ উইন্ডোজ অপারেটিং সিস্টেম (Windows Operating System) ঃ

পারসোনাল কম্পিউটারের ক্ষেত্রে ব্যবহারকারী এই কমান্ড টাইপ করার হাত হতে মুক্ত করার জন্য এবং কম্পিউটার ব্যবহার আরো সহজ করার জন্য Windows 95 নামে ১৯৯৫ সালে একটি অপারেটিং সিস্টেম বের হয়। উইন্ডোজ অপারেটিং সিস্টেম হলো একাধিক উইন্ডো (Window) ভিত্তিক অপারেটিং সিস্টেম, যেখানে একই সাথে একাধিক কাজ সম্পন্ন করা যায়। উইন্ডোজ-এর ক্ষেত্রে গ্রাফিক্যাল ডেস্কটপ (Desktop) পাওয়া যায়, ফলে যে-কোন ব্যবহারকারীই সহজে তা ব্যবহার করতে পারে। তবে বর্তমান ব্যবহৃত অপারেটিং সিস্টেম হলো Windows XP, Windows 7, Windows 8 ইত্যাদি।



চিত্র ঃ ৯.২ উইন্ডোজ ভিত্তিক ডেস্কটপ

কম্পিউটার প্রোগ্রামার ও সাধারণ ব্যবহারকারী উভয়ের জন্যই উইন্ডোজ অপারেটিং সিস্টেম খুবই জনপ্রিয়। উইন্ডোজ ডেস্কটপে প্রোগ্রাম রান (Run) করতে চাইলে মাউস পয়েন্টারের মাধ্যমে ক্লিক করলেই রান হবে।

৯.৩ প্রসিডিওরাল অ্যাপ্লিকেশন (Procedural Application) ঃ

প্রসিডিওর অরিয়েন্ডেড প্রোগ্রাম টপ ডাউন (Top Down) রীতিতে তৈরি করা হয়। হাই-লেভেল ল্যাঙ্গুয়েজ যেমন BASIC, Cobal, Fortran, C ইত্যাদি ব্যবহার করে যে-সব প্রোগ্রাম তৈরি করা হয় সেগুলো প্রসিডিওর অরিয়েন্টেড প্রোগ্রাম নামে পরিচিত।

একটি সম্পূর্ণ প্রোগ্রাম ছোট ছোট কয়েকটি প্রোগ্রামে বা ফাংশনে বিভক্ত করা হয়। এ পদ্ধতিতে প্রোগ্রামে প্রদত্ত প্রতিটি লাইন পর্যায়ক্রমে নির্বাহ করে পরবর্তী লাইনে অগ্রসর হয় এবং উক্ত লাইনের কমান্ডসমূহ নির্বাহ করে। এই লাইন পর লাইন নির্বাহ করার পদ্ধতিই প্রসিডিওর অরিয়েন্টেড প্রোগ্রাম।

৯.৪ ইভেন্ট-ড্রাইভেন অ্যাপ্লিকেশন (Event Driven Application) ঃ

ইভেন্ট হলো ঘটনা। উইন্ডোজের প্রোগ্রামগুলো হলো ইভেন্ট-ড্রাইভেন। এক্ষেত্রে বিভিন্ন ইভেন্ট-এর জন্য ভিন্ন ভিন্ন কোড লেখা হয় এবং প্রোগ্রাম চলাকালীন সময়ে যে ইভেন্ট সংঘটিত হবে সেই ইভেন্টের কোডগুলো কাজ করবে। আবার কোন ইভেন্ট কাজ করার সময় অন্য কোন ইভেন্ট সংঘটিত হলে পুরাতন বা পূর্বের ইভেন্টের সাথে নতুন ইভেন্টের কোডগুলোও কাজ করবে। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, আমাদের শরীরের কোন অংশ আঘাতপ্রাপ্ত হলে ঐ অংশে ব্যথা অনুভব করা যায় ঠিক তেমনিভাবে যে ইভেন্টে ক্লিক করা হবে সেই ইভেন্টেই কাজ করবে।

৯.৫ মাল্টিটাস্কিং অপারেটিং সিস্টেম (Multitusking Operating System) ঃ

অপারেটিং সিস্টেমে একই সময়ে একাধিক প্রোগ্রাম চালনা করা যায়। উইন্ডোজ হলো মাল্টিটাস্কিং অপারেটিং সিস্টেম, তবে ডস (Dos)-এ একাধিক প্রোগ্রাম চালনা করা যায়। Dos-এ TSR প্রোগ্রামের মাধ্যমে একাধিক প্রোগ্রাম চালানো যায়। উইন্ডোজে অপারেটিং সিস্টেমে একই সময়ে অডিও গান চালানো অবস্থায় অন্য কাজও করা যাবে।

৯.৬ ডিভাইস ইন্ডিপেন্ডেন্ট অপারেটিং সিস্টেম (Device Independent Operating System) ঃ

ডসের প্রতিটা প্রোগ্রামে VGA কার্ড, প্রিন্টার কিংবা সাউন্ড কার্ড আলাদাভাবে Initialize করতে হয়। এছাড়া ডসের প্রোগ্রামগুলোর সাথে বিভিন্ন প্রয়োজনে একাধিক Driver প্রদান করতে হত। কিন্তু উইন্ডোজ-এ এই ঝামেলা নেই। যেমন, VGA কার্ডের ক্ষেত্রে উইন্ডোজ GDI (Graphics Device Interface) ব্যবহার করে, যা দ্বারা উইন্ডোজ যে-কোন VGA কার্ডের চালানো সম্ভব।

এভাবে উইন্ডোজ-এ বিভিন্ন সুবিধা পাওয়া যায়। আর এজন্যই বর্তমানে এই উইন্ডোজ নামের অপারেটিং সিস্টেমটি এত বহুলভাবে ব্যবহৃত হচ্ছে। ভিজুয়্যাল বেসিক হল এমন একটি প্রোগ্রাম ডেভেলপমেন্ট টুল, যা একই উইন্ডোজে চালানোর উপযোগী প্রোগ্রাম ডেভেলপ করতে ব্যবহার করা হয়।

৯.৭ ভিজুয়্যাল বেসিকের ইতিহাস (History of Visual Basic) ঃ

১৯৬০ সালে বেসিক (BASIC) ভাষার জন্ম হয়। BASIC শব্দের পূর্ণরূপ হলো Beginners All Purpose Symbolic Instruction Code. ডার্টমাউথ কলেজের দুইজন শিক্ষক জন কেমেনি এবং থমাস কার্তুজ সর্বপ্রথম এই ভাষার প্রবর্তন করেন। যা অতি সহজে এবং খুব অল্প সময়ের মধ্যে সারাবিশ্বে ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। ১৯৭৮ সালে ANSI (American National Standard Institute) বেসিক ভাষাকে স্ট্যান্ডার্ড ভাষা হিসাবে স্বীকৃতি দান করেন। যার ফলশ্রুতিতে বর্তমানে বিশ্বের বিভিন্ন নামকরা কম্পিউটার তৈরিকারক প্রতিষ্ঠান বেসিক ভাষাকে তাদের কম্পিউটারে ব্যবহারের স্ট্যান্ডার্ড ভাষা হিসাবে স্বীকৃতি দান করেছে। সেই থেকে অদ্যাবধি বেসিক ভাষার বিভিন্ন সংস্করণ বা ভার্সন (Version) বের হয়েছে, যা এর সহজবোধ্যতা, সাবলীলতা ইত্যাদি পূর্বের ন্যায় অক্ষুণ্ন রেখেছে। কয়েকটি সংস্করণের মধ্যে BASICA, GWBASIC, QBASIC ইত্যাদি। বর্তমানে বেসিকের যে ভার্সনটি সবচেয়ে জনপ্রিয় তা হলো ভিজুয়্যাল বেসিক (Visual Basic)। ভিজুয়্যাল (Visual) শব্দের অর্থ হলো দৃশ্যমান মৌলিক। কম্পিউটারে সহজে প্রোগ্রাম রচনার জন্য ব্যবহৃত মৌলিক ভাষার নাম বেসিক। বেসিক ভাষায় প্রোগ্রাম রচনাকে আরো সহজতর করার জন্য এটিকে গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস (Graphical User Interface)-এ রূপান্তর করা হয়েছে। গ্রাফিক্যাল ইউজার হলো ভিজুয়্যাল বেসিক। ভিজুয়্যাল বেসিকের ভার্সনসমূহ হলো ভিজুয়্যাল বেসিক ১.০, ২.০, ৩.০, ৪.০, ৫.০ এবং ৬.০। ভিজুয়্যাল বেসিক মূলত মাইক্রোসফট কোম্পানি কর্তৃক প্রণীত। ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে খুব সহজেই টুলস, মেনু অবজেক্ট ইত্যাদি ব্যবহার করে প্রোগ্রাম তৈরি করা যায়।

তাই বলা যায়, ভিজুয়্যাল বেসিক হচ্ছে একটি Software Development Environment (IDE), যার মাধ্যমে অত্যন্ত সহজে অতিদ্রুত উইন্ডোজ অ্যাপ্লিকেশন তৈরি করা যায়। কোন প্রোগ্রাম তৈরি, পরিবর্তন, সংযোজন, কম্পাইল প্রভৃতি করার জন্য প্রয়োজনীয় সকল টুলস, যেমন– Control tools, Editor, Debagger, Compiler ইত্যাদি সংযুক্ত আছে।

Control Tools ঃ যার মাধ্যমে প্রোগ্রামের বিভিন্ন User interface যেমন– Command button, Text box, Label, Scrollbar, Shape প্রভৃতি অত্যন্ত সহজে প্রোগ্রামে সংযুক্ত করা যায়।

৯.৫ মাল্টিটাস্কিং অপারেটিং সিস্টেম (Multitusking Operating System) ঃ

অপারেটিং সিস্টেমে একই সময়ে একাধিক প্রোগ্রাম চালনা করা যায়। উইন্ডোজ হলো মাল্টিটাস্কিং অপারেটিং সিস্টেম, তবে ডস (Dos)-এ একাধিক প্রোগ্রাম চালনা করা যায়। Dos-এ TSR প্রোগ্রামের মাধ্যমে একাধিক প্রোগ্রাম চালানো যায়। উইন্ডোজে অপারেটিং সিস্টেমে একই সময়ে অডিও গান চালানো অবস্থায় অন্য কাজও করা যাবে।

৯.৬ ডিভাইস ইন্ডিপেন্ডেন্ট অপারেটিং সিস্টেম (Device Independent Operating System) ঃ

ডসের প্রতিটা প্রোগ্রামে VGA কার্ড, প্রিন্টার কিংবা সাউন্ড কার্ড আলাদাভাবে Initialize করতে হয়। এছাড়া ডসের প্রোগ্রামগুলোর সাথে বিভিন্ন প্রয়োজনে একাধিক Driver প্রদান করতে হত। কিন্তু উইন্ডোজ-এ এই ঝামেলা নেই। যেমন, VGA কার্ডের ক্ষেত্রে উইন্ডোজ GDI (Graphics Device Interface) ব্যবহার করে, যা দ্বারা উইন্ডোজ যে-কোন VGA কার্ডের চালানো সম্ভব।

এভাবে উইন্ডোজ-এ বিভিন্ন সুবিধা পাওয়া যায়। আর এজন্যই বর্তমানে এই উইন্ডোজ নামের অপারেটিং সিস্টেমটি এত বহুলভাবে ব্যবহৃত হচ্ছে। ভিজুয়্যাল বেসিক হল এমন একটি প্রোগ্রাম ডেভেলপমেন্ট টুল, যা একই উইন্ডোজে চালানোর উপযোগী প্রোগ্রাম ডেভেলপ করতে ব্যবহার করা হয়।

৯.৭ ভিজুয়্যাল বেসিকের ইতিহাস (History of Visual Basic) ঃ

১৯৬০ সালে বেসিক (BASIC) ভাষার জন্ম হয়। BASIC শব্দের পূর্ণরূপ হলো Beginners All Purpose Symbolic Instruction Code. ডার্টমাউথ কলেজের দুইজন শিক্ষক জন কেমেনি এবং থমাস কার্তুজ সর্বপ্রথম এই ভাষার প্রবর্তন করেন। যা অতি সহজে এবং খুব অল্প সময়ের মধ্যে সারাবিশ্বে ব্যাপক জনপ্রিয়তা লাভ করে। ১৯৭৮ সালে ANSI (American National Standard Institute) বেসিক ভাষাকে স্ট্যান্ডার্ড ভাষা হিসাবে স্বীকৃতি দান করেন। যার ফলশ্রুতিতে বর্তমানে বিশ্বের বিভিন্ন নামকরা কম্পিউটার তৈরিকারক প্রতিষ্ঠান বেসিক ভাষাকে তাদের কম্পিউটারে ব্যবহারের স্ট্যান্ডার্ড ভাষা হিসাবে স্বীকৃতি দান করেছে। সেই থেকে অদ্যাবধি বেসিক ভাষার বিভিন্ন সংস্করণ বা ভার্সন (Version) বের হয়েছে, যা এর সহজবোধ্যতা, সাবলীলতা ইত্যাদি পূর্বের ন্যায় অক্ষুণ্ণ রেখেছে। কয়েকটি সংস্করণের মধ্যে BASICA, GWBASIC, QBASIC ইত্যাদি। বর্তমানে বেসিকের যে ভার্সনটি সবচেয়ে জনপ্রিয় তা হলো ভিজুয়্যাল বেসিক (Visual Basic)। ভিজুয়্যাল (Visual) শব্দের অর্থ হলো দৃশ্যমান মৌলিক। কম্পিউটারে সহজে প্রোগ্রাম রচনার জন্য ব্যবহৃত মৌলিক ভাষার নাম বেসিক। বেসিক ভাষায় প্রোগ্রাম রচনাকে আরো সহজতর করার জন্য এটিকে গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস (Graphical User Interface)-এ রূপান্তর করা হয়েছে। গ্রাফিক্যাল ইউজার হলো ভিজুয়্যাল বেসিক। ভিজুয়্যাল বেসিকের ভার্সনসমূহ হলো ভিজুয়্যাল বেসিক ১.০, ২.০, ৩.০, ৪.০, ৫.০ এবং ৬.০। ভিজুয়্যাল বেসিক মূলত মাইক্রোসফট কোম্পানি কর্তৃক প্রণীত। ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে খুব সহজেই টুলস, মেনু অবজেক্ট ইত্যাদি ব্যবহার করে প্রোগ্রাম তৈরি করা যায়।

তাই বলা যায়, ভিজুয়্যাল বেসিক হচ্ছে একটি Software Development Environment (IDE), যার মাধ্যমে অত্যন্ত সহজে অতিদ্রুত উইন্ডোজ অ্যাপ্লিকেশন তৈরি করা যায়। কোন প্রোগ্রাম তৈরি, পরিবর্তন, সংযোজন, কম্পাইল প্রভৃতি করার জন্য প্রয়োজনীয় সকল টুলস, যেমন– Control tools, Editor, Debagger, Compiler ইত্যাদি সংযুক্ত আছে।

Control Tools ঃ যার মাধ্যমে প্রোগ্রামের বিভিন্ন User interface যেমন– Command button, Text box, Label, Scrollbar, Shape প্রভৃতি অত্যন্ত সহজে প্রোগ্রামে সংযুক্ত করা যায়।

Editor ঃ যার মাধ্যমে প্রোগ্রামের জন্য প্রয়োজনীয় কোড লিখা বা পরিবর্তন করা যায়।

Debagger ঃ যার মাধ্যমে প্রয়োজনানুসারে প্রোগ্রামের বিভিন্ন এক্সপ্রেশন (Expression) টেস্ট করা যায়।

Compiler ঃ যার মাধ্যমে Stand-alone অ্যাপ্লিকেশন বা executable ফাইল তৈরি করা যায়।

ভিজুয়্যাল বেসিক ৬.০ ভার্সনের তিনটি এডিশন (Edition) পাওয়া যায়–

১। Visual Basic Learning Edition.

২। Visual Basic Professional Edition.

৩। Visual Basic Enterprise Edition.

১। Visual Basic Learning Edition. ঃ যে-সব ইউজার নতুন ও শিক্ষার্থী তাদের উপযোগী করে তৈরি করা হয়েছে, Visual Basic Learning Edition এ ভার্সনে অতি সহজে Windows application সম্বন্ধে জ্ঞান অর্জন করে নিজের মতো অ্যাপ্লিকেশন তৈরি করা যায়।

২। Visual Basic Professional Edition. ঃ এই ভার্সনের সাহায্যে অতি সহজে অল্প সময়ে ইউজারের চাহিদানুসারে অ্যাপ্লিকেশন তৈরি করা যায়। পেশাগত জীবনে যে-সব প্রোগ্রাম সহায়ক হতে পারে এমন সফটওয়্যার বা অ্যাপ্লিকেশন তৈরি করা যায়। এই এডিশনে Activex Control এবং Internet Control সংযোজিত হয়েছে।

৩। Visual Basic Enterprise Edition. ঃ Visual Basic এর সবচেয়ে উন্নততর ও উচ্চতর সংস্করণ হচ্ছে Enterprise এডিশন। এ এডিশনে Professional এডিশনের সকল সুবিধাসহ আরো অন্যান্য যেমন– Source safe, Automation, Control Manager ইত্যাদি টুলস সংযোজন করা হয়েছে। ভিজুয়্যাল বেসিকের সাহায্যে Windows-ভিত্তিক যে-কোন ধরনের সফটওয়্যার এই Enterprise এডিশনের মাধ্যমে করা যায়।

৯.৮ ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে সম্ভাব্য কাজসমূহ ঃ

১। অ্যাপ্লিকেশনে যাতে বিভিন্ন ইউজার-ইন্টারফেস ইলিমেন্টগুলো সহজে সংযোজন করতে পারি, ভিজুয়্যাল বেসিকে সেই সুবিধা দেয়া আছে।

২। টেক্সট, ডাটাবেস কিংবা বাইনারি ফাইল নিয়ে বিভিন্ন কাজ (ফাইল তৈরি, ব্যবহার, পরিবর্তন প্রভৃতি) করা সম্ভব।

৩। অ্যাপ্লিকেশনে উইন্ডোজের প্রিন্ট ড্রাইভারের মাধ্যমে প্রিন্ট করার সুবিধা রাখা সম্ভব।

৪। বিভিন্ন ফরম্যাটের গ্রাফিক্স ফাইল, যেমন .bmp, .wmf, .pcx, .jpg, .gif, প্রভৃতি নিয়ে কাজ করা সম্ভব।

৫। বিভিন্ন ফরম্যাটের ডাটাবেস ফাইল নিয়ে কাজ করার উপযোগী প্রোগ্রাম তৈরি সম্ভব।

৬। Clipboard, DDE (Dynamic Data Exchange) কিংবা OLE-এর মাধ্যমে ভিজুয়্যাল বেসিকের অ্যাপ্লিকেশনকে অন্য উইন্ডোজ অ্যাপ্লিকেশনের সাথে যোগাযোগ করানো সম্ভব।

৭। ActiveX কন্ট্রোল তৈরি করা সম্ভব।

৮। মডেমের মাধ্যমে যোগাযোগের অ্যাপ্লিকেশন তৈরি করা সম্ভব।

৯। মাল্টিমিডিয়া অ্যাপ্লিকেশন তৈরি করা সম্ভব।

৯.৯ ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে প্রোগ্রাম তৈরির ধাপসমূহ ঃ

কম্পিউটারের মাধ্যমে বিভিন্ন সমস্যা সমাধানের জন্য কিংবা কিছু নির্দিষ্ট কাজ করার জন্য বিভিন্ন ধরনের অ্যাপ্লিকেশন বা সফটওয়্যার তৈরি করা হয়। কোন নির্দিষ্ট কাজের জন্য ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে একটা অ্যাপ্লিকেশন তৈরি করতে হলে আমাদের কিছু ধাপ অনুসরণ করতে হবে। যেমন–

১। প্রথমে ঠিক করতে হবে আমাদের উদ্দেশ্য কী। অর্থাৎ আমরা কী করতে চাচ্ছি।


২। এরপর আমাদের ঠিক করতে হবে প্রোগ্রামটা চালালে কেমন দেখা যাবে। অর্থাৎ, প্রোগ্রামের ইন্টারফেসটা কেমন হবে। যেহেতু আমাদের প্রোগ্রামটা উইন্ডোজে চালানোর উপযোগী হবে, তাই এখানে একটা উইন্ডো থাকতে হবে। এই উইন্ডোর মধ্যে কিছু কন্ট্রোল থাকবে, যেখানে ব্যবহারকারী টাকা কিংবা ডলারের পরিমাণ লিখতে পারবে এবং প্রোগ্রাম, প্রাপ্ত ফলাফল, এসব কন্ট্রোলের মাধ্যমে প্রদর্শন করতে পারবে। ভিজুয়্যাল বেসিকে এই কাজ করার জন্য ফর্ম ডিজাইনার (উইন্ডো তৈরির জন্য) এবং কন্ট্রোল টুলবার (ফর্ম তথা উইন্ডোতে বিভিন্ন কন্ট্রোল সংযুক্ত করার জন্য) ব্যবহার করা হয়।

৩। ইন্টারফেস তৈরির পর আমাদের প্রোগ্রামিং-এর কাজ করতে হবে। উইন্ডোর কোন কন্ট্রোল কী কাজ করবে তা এই প্রোগ্রামিং-এর কাজ করতে হবে। উইন্ডোর কোন কন্ট্রোল কী কাজ করবে তা এই প্রোগ্রামিং-এর মাধ্যমে ঠিক করতে হয়। প্রোগ্রামিং-এর কাজ করার জন্য ভিজুয়্যাল বেসিকে প্রোপার্টি উইন্ডো এবং কোড উইন্ডো ব্যবহার করা হয়। প্রোপার্টি উইন্ডোর মাধ্যমে ফর্ম এবং ফর্মে সংযুক্ত বিভিন্ন কন্ট্রোল-এর প্রপার্টিং ঠিক করা হয়। কোড উইন্ডোর মাধ্যমে ফর্ম সংযুক্ত বিভিন্ন কন্ট্রোল-এর জন্য উপযুক্ত কোড লেখা তথা প্রোগ্রামিং করা হয়।

৪। প্রোগ্রামিং-এর পর আমাদের ডিবাগিং-এর কাজ করতে হবে। অর্থাৎ, আমাদের দেখতে হবে অ্যাপ্লিকেশনটা ঠিকমত কাজ করে কি না। যদি কাজ করে তো ভাল, না হলে যেখানে সমস্যা তা ডিবাগ করে ঠিক করতে হবে।

৫। ডিবাগিং-এর মাধ্যমে প্রোগ্রামটা ঠিক রাখার পর ব্যবহারকারীর জন্য একটা স্বতন্ত্র বা Stand alone প্রোগ্রাম তৈরির জন্য কম্পাইলের মাধ্যমে আমাদের প্রোগ্রামটাকে এক্সিকিউটেবল (.exe) ফাইলে পরিণত করতে হবে।

প্রোগ্রাম তৈরির এই ধাপগুলোকে সংক্ষেপে নিচের চিত্রে দেখানো হল–



চিত্র ঃ ৯.৩ অ্যাপ্লিকেশন তৈরির বিভিন্ন ধাপ

৯.১০ ভিজুয়্যাল বেসিকের ফর্ম উইন্ডো পরিচিতি (Introduction to Visual Basic Form Window) ঃ


ভিজুয়্যাল বেসিকের যে সব টুলস ব্যবহার করে গ্রাফিক্যাল ইউজার ইন্টারফেস (Graphical User Interface) তৈরি করা হয় তার নাম IDE অর্থাৎ Integrated Development Environment, অর্থাৎ ভিজুয়্যাল বেসিক ওপেন করলে যে স্ক্রীনটি প্রদর্শিত হয়।

১। প্রথমে Start বাটনে ক্লিক করুন।

২। তারপর Programs-এ ক্লিক করুন।


৩। তারপর Microsoft Visual Studio 6.0-তে ক্লিক করুন।

৪। তারপর Microsoft Visual Basic 6.0-তে ক্লিক করুন। ফলে নিম্নের ন্যায় New Project Window প্রদর্শিত হবে।



চিত্র ঃ ৯.৪ New Project Window

৫। তারপর Standard. Exe নির্বাচন করে Open বাটনে ক্লিক করুন। ফলে নিম্নের ন্যায় Integrated Development Environment (IDE) স্ক্রীন প্রদর্শিত হবে।




চিত্র ঃ ৯.৫ IDE উইন্ডো

এই IDE'র মাধ্যমেই আমাদের প্রোগ্রাম তৈরির বিভিন্ন কাজটা করতে হবে। এখানে মূল উইন্ডোর মধ্যে আরও ছোট ছোট কিছু উইন্ডো (Project, Properties, Form Layout, Immediate, General) দেখা যাচ্ছে। এই উইন্ডোগুলোর মধ্যে Immediate নামের উইন্ডো ছাড়া অন্য উইন্ডোগুলো (Project, Properties, Form Layout, General) কোন প্রজেক্ট ওপেন না করলে ব্যবহার করা যায় না। কারণ, এই উইন্ডোগুলো প্রজেক্ট তৈরির কাজে ব্যবহার করা হয়। তবে উল্লেখ্য যে, পাঠকের স্ক্রীনে উপরের চিত্রের মত সবগুলো উইন্ডো প্রদর্শিত না হলে ঘাবড়ানোর কিছু নেই।

নিম্নে বিভিন্ন অংশের বর্ণনা করা হল–

১। ফর্ম ডিজাইনার উইন্ডো (Form Designer Window) ঃ ফর্ম ডিজাইনার উইন্ডো হচ্ছে অ্যাপ্লিকেশনের ইন্টারফেস তৈরির মূল উপাদান। এখানেই বিভিন্ন কন্ট্রোল সংযোজনের মাধ্যমে ইন্টারফেস তৈরি করা হয়। ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে তৈরি প্রত্যেকটা প্রোগ্রাম বা অ্যাপ্লিকেশন আসলে এক বা একাধিক ফর্মের সমষ্টি, যেখানে প্রয়োজনানুসারে বিভিন্ন কন্ট্রোল সংযোজিত থাকে।




চিত্র ঃ ৯.৬ ফর্ম ডিজাইনার উইন্ডো

ভিজুয়্যাল বেসিক প্রথম নুতন ফর্মের নাম নিজ থেকেই Form1 দিয়ে থাকে। দ্বিতীয় ফর্মটার নাম Form2 এবং এভাবে পরবর্তী ফর্মগুলোর নাম দিয়ে থাকে। তবে আমরা ইচ্ছা করলে এই নামটা পরিবর্তন করতে পারবো। আসলে আমরা উইন্ডোজের প্রোগ্রামগুলোতে যে ছোট-বড় বিভিন্ন ধরনের উইন্ডো দেখতে পাই, আমাদের প্রোগ্রামের সে ধরনের উইন্ডো তৈরির জন্য এই ফর্ম ডিজাইনার ব্যবহার করা হয়। অর্থাৎ, ফর্ম ডিজাইনারে প্রদর্শিত ফর্মই প্রোগ্রাম রান করলে উইন্ডো হিসাবে প্রদর্শিত হবে।

২। প্রজেক্ট উইন্ডো (Project Window) ঃ

ভিজুয়্যাল বেসিকের মূল উইন্ডোতে Project নামে যে উইন্ডোটি আছে তাকেই প্রজেক্ট উইন্ডো বলে। যদি প্রজেক্ট এক্সপ্লোরার স্ক্রীনে প্রদর্শিত না হয়, তাহলে মেনু থেকে View-> Project Explorer সিলেক্ট করতে হবে কিংবা Ctrl + R প্রেস করতে হবে। ফলে স্ক্রীনে পাশের চিত্রের মত প্রজেক্ট এক্সপ্লোরার উইন্ডো প্রদর্শিত হবে।



চিত্র ঃ ৯.৭ প্রজেক্ট উইন্ডো

ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে কোন প্রোগ্রাম বা অ্যাপ্লিকেশন তৈরি করতে হলে প্রথমে একটা প্রজেক্ট অবশ্যই তৈরি করতে হবে। অ্যাপ্লিকেশনের ব্যবহৃত বিভিন্ন কম্পোনেন্ট-এর তালিকা, তাদের অবস্থান প্রভৃতি এই প্রজেক্ট ফাইলে সংরক্ষিত থাকে, যার এক্সটেনশন হল .VBP। যেমন– মেনু থেকে File->New->Standard Exe সিলেক্ট করলে একটা নতুন প্রজেক্ট তৈরি হবে এবং ভিজুয়্যাল বেসিক স্বয়ংক্রিয়ভাবে প্রজেক্টের নাম Project 1 দিয়ে দেবে। এই প্রজেক্টটা সেভ করলে ভিজুয়্যাল বেসিক তা Project 1. VBP নামে সেভ করবে (তবে আমরা ইচ্ছা করলে এই নামটা পরিবর্তন করতে পারি।)। ভিজুয়্যাল বেসিক ৬-এ একসাথে একাধিক প্রজেক্ট নিয়ে কাজ করা যায়।

আমাদের অ্যাপ্লিকেশন তথা প্রজেক্টে যে-সব কম্পোনেন্ট (Form, Module, ActiveX Control) ব্যবহৃত হবে, তাদের তালিকা Project উইন্ডোতে প্রদর্শিত হবে।

এই Project Window-এর উপরে তিনটি বাটন রয়েছে। যথা–


(a) View Code, (b) View Object, (c) Toggle Folder

চিত্রের সাহায্যে নিম্নে দেখানো হল–



চিত্র ঃ ৯.৮ View Code, View Object ও Toggle Foder-এর চিত্র


তবে এই তিনটা বাটনের মধ্যে প্রয়োজনীয় বাটন হল View Code বাটনটা। প্রজেক্ট এক্সপ্লোরার উইন্ডোতে যে কম্পোনেন্ট সিলেক্ট করা থাকবে, View Code বাটনে ক্লিক করলে স্ক্রীনে পাশের চিত্রের মত কোড উইন্ডো প্রদর্শিত হবে এবং সেই কম্পোনেন্ট সংশ্লিষ্ট কোড দেখা যাবে।



চিত্র ঃ ৯.৯ কোড উইন্ডো

Project-এর নাম পরিবর্তনের জন্য নিম্নের ন্যায় লক্ষ করুন ঃ


প্রজেক্টের নাম পরিবর্তন করতে হলে প্রজেক্ট এক্সপ্লোরার উইন্ডোতে Project1 উপর মাউস রেখে মাউসের ডানদিকের বাটন ক্লিক করতে হবে। ফলে স্ক্রীনে পাশের চিত্রের মত একটা popup মেনু প্রদর্শিত হবে, যার Project1 Properties আইটেমটা সিলেক্ট করলে স্ক্রীনে নিচের চিত্রের মত প্রোপার্টিজ উইন্ডো প্রদর্শিত হবে, এই উইন্ডোর Project Name টেক্সট বক্সে প্রজেক্টের নুতন নামটা লিখতে হবে। যেমন– এখানে যদি আমরা First Project লিখে Ok বাটনে ক্লিক করি, তাহলে প্রজেক্ট এক্সপ্লোরার উইন্ডোতে Project1 এর পরিবর্তে First Project প্রদর্শিত হবে।



চিত্র ঃ ৯.১০ প্রজেক্ট প্রোপার্টিজ উইন্ডো

৩। প্রোপার্টি উইন্ডো (Property Window) ঃ

Visual Basic-এর মূল উইন্ডোতে Properties নামে যে উইন্ডো প্রদর্শিত হয় তাই প্রোপার্টিজ উইন্ডো। প্রোপার্টিজ উইন্ডো যদি স্ক্রীনে প্রদর্শিত না হয়, তাহলে মেনু হতে View-এ ক্লিক করুন এবং তারপর Properties-এ ক্লিক করুন অথবা কি-বোর্ড হতে F4 প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় স্ক্রীন দেখতে পাবেন।



চিত্র ঃ ৯.১১ প্রপার্টিজ উইন্ডো

ভিজুয়্যাল বেসিকের মাধ্যমে তৈরি আমাদের অ্যাপ্লিকেশন-এর ইন্টারফেস তৈরির সময় এই উইন্ডোটা বহুলভাবে ব্যবহৃত হয়। ইন্টারফেসের বিভিন্ন অবজেক্ট, যেমন– ফর্ম এবং বিভিন্ন কন্ট্রোল-এর বিভিন্ন ধরনের প্রোপার্টি (রং, অবস্থান, নাম, বৈশিষ্ট্য, আকার-আকৃতি প্রভৃতি) পরিবর্তনের জন্য এই উইন্ডো ব্যবহার করা হয়।

ফর্ম ডিজাইনারে যে অবজেক্ট (ফর্ম কিংবা বিভিন্ন কন্ট্রোল) সিলেক্ট করা থাকবে, এই উইন্ডোর টাইটেল বার-এ সেই অবজেক্ট-এর নাম দেখা যাবে। যেমন– এই উইন্ডোর টাইটেল বার-এ এখন Properties-Form1 দেখা যাচ্ছে (উপরের চিত্রে)। এর মানে হচ্ছে এই উইন্ডোতে এখন Form1 এর প্রোপার্টিজগুলো প্রদর্শিত হচ্ছে।

ফর্মে যে যে অবজেক্টগুলো সংযোজিত থাকবে, প্রোপার্টিজ উইন্ডোর কম্বোবক্সে তাদের নাম এবং কী ধরনের অবজেক্ট তা প্রদর্শিত হবে। যেমন– এখন আমাদের ফর্ম ডিজাইনারে কেবল Form1 নামে একটা ফর্মই আছে। তাই এখানে শুধু Form1 এবং Form দেখা যাচ্ছে। অর্থাৎ, ফর্ম ডিজাইনারে এখন Form1 নামে একটা Form অবজেক্ট আছে।


৪। ইমিডিয়েট উইন্ডো (Immediate Window) ঃ

ভিজুয়্যাল বেসিকের মূল উইন্ডোতে Immediate নামে যে উইন্ডোটা আছে, তা-ই ইমিডিয়েট উইন্ডো। এই উইন্ডোটা যদি স্ক্রীনে দেখা না যায়, তাহলে মেনু থেকে View->Immediate Window সিলেক্ট করতে হবে কিংবা কী-বোর্ড থেকে Ctrl + G প্রেস করতে হবে। ফলে স্ক্রীনে নিচের চিত্রের মত ইমিডিয়েট উইন্ডো দেখা যাবে।



চিত্র ঃ ৯.১২ ইমিডিয়েট উইন্ডো


ভিজুয়্যাল বেসিকের কোন ফাংশন সম্বন্ধে কিংবা প্রোগ্রাম চলাকালীন সময়ে ডিবাগিং-এর জন্য এই উইন্ডোটা ব্যবহার করা যায়। যেমন– আমরা যদি কোন ক্যারেকটারের এস কী মান কত তা তাৎক্ষণিকভাবে জানতে চাই, তাহলে এই উইন্ডোতে আমরা প্রয়োজনীয় কোড লিখে তা জানতে পারি, যা পাশের চিত্রে দেখানো হল।



চিত্র ঃ ৯.১৩ ইমিডিয়েট উইন্ডোতে কোড লেখা

৫। ফর্ম লেআউট উইন্ডো (Form Layout Window) ঃ

ভিজুয়্যাল বেসিকে ইউজার ইন্টারফেস তৈরির জন্য আমরা যে ফর্ম ব্যবহার করি, তা রান করলে স্ক্রীনের কোথায় দেখা যাবে, তা ঠিক করার জন্য Form Layout নামের উইন্ডোটা ব্যবহার করা যায়।




চিত্র ঃ ৯.১৪ ফর্ম লেআউট উইন্ডো

ফর্ম রান করলে তা স্কীনের উপরে- ডানদিকে প্রদর্শিত হবে। ব্যাপারটা বোঝার জন্য মেনু থেকে Run->Start দিয়ে দেখা যাক। এক্ষেত্রে ফর্মটা স্ক্রীনে উপরে ডানদিকে দেখা যাবে। এবার মেনু থেকে Run->End এর মাধ্যমে ফর্মটা বন্ধ করে ডিজাইন মোডে আসা যাক। এবার ফর্ম লেআউট উইন্ডোতে ফর্মটাকে মাউস দিয়ে পাশের চিত্রের মত মাঝখানে এনে আমরা যদি মেনু থেকে Run->Start দিয়ে ফর্মটা চালাই, তাহলে ফর্মটা স্ক্রীনের মাঝখানে প্রদর্শিত হবে। এভাবে প্রোগ্রামের আউটপুটে কোন ফর্মের অবস্থান কোথায় হবে তা এই উইন্ডোর মাধ্যমে ঠিক করা যায়।

৬। টুলবক্স (Tool Box) ঃ ফর্মে যে-সব কন্ট্রোল সংযোজনের মাধ্যমে ভিজুয়্যাল বেসিকে ইউজার ইন্টারফেস তৈরি করা হয়, তা এই টুলবক্সে থাকে। যদি টুলবক্সটা দেখা না যায়, তাহলে মেনু থেকে View->Tool Box সিলেক্ট করতে হবে। এক্ষেত্রে স্কীনে নিচের চিত্রের মত টুলবক্স দেখা যাবে, এটা হচ্ছে ভিজুয়্যাল বেসিকের নিজস্ব টুলবক্স, যাকে সাধারণত General টুলবক্স কিংবা কন্ট্রোল বক্সও বলে। এই কন্ট্রোল বক্সের কন্ট্রোলগুলো ছাড়াও ভিজুয়্যাল বেসিকে আরও অনেক কন্ট্রোল সংযোজন করা যায়। এখানে আমরা পূর্বে তৈরি করা কন্ট্রোল যেমন সংযোজন করতে পারি, তেমনি নিজেরাও কন্ট্রোল তৈরি করে তা এখানে সংযোজন করতে পারি।


এই টুলবক্সে মোট ২১ টা কন্ট্রোল আছে, যাদের সম্বন্ধে পঞ্চম অধ্যায়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। টুলবক্সে কোন বাটন তথা কন্ট্রোলের উপর মাউস রাখলে, সেই কন্ট্রোলটার নাম Tooltips হিসাবে প্রদর্শিত হবে। যেমন– পাশের (বামদিকে) তিনটা ভিন্ন ভিন্ন বাটনের উপর মাউস রাখার ফলে কীভাবে নাম প্রদর্শিত হয়, তা দেখানো হল।



চিত্র ঃ ৯.১৫ টুলবক্স

৯.১১ অবজেক্ট (Object) ঃ

প্রোগ্রামের ইউজার ইন্টারফেস (User Interface) তৈরি করতে বা ফর্ম ডিজাইন করতে যে-সব উপাদান বা এলিমেন্টের প্রয়োজন হয়, তাই অবজেক্ট (Object) যেমন– ফর্ম, কমান্ড, বাটন, টেক্সট বক্স, লেবেল, পিকচার বক্স ইত্যাদি।



৯.১২ মেথড (Method?) ঃ

প্রোগ্রাম তৈরির জন্য আমরা যে-সব অবজেক্ট ব্যবহার করি তাদের কিছু মেথড আছে। মেথড হচ্ছে পূর্ব থেকে তৈরি করা কিছু ফাংশন, যা কোন অবজেক্ট-এর সাথে প্রয়োজনানুসারে ব্যবহার করা হয়। কোন মেথড ব্যবহার করলে অবজেক্ট কীভাবে কাজ করবে তা ভিজুয়্যাল বেসিক যারা তৈরি করেছেন তারাই ঠিক করে রেখেছেন। আমাদের শুধু নিয়ম ঠিক রেখে তা প্রয়োজনানুসারে ব্যবহার করতে হবে।

◆ মেথড ব্যবহারের নিয়ম ঃ

কোন মেথড ব্যবহারের সাধারণ নিয়ম হল–

Object Name. Method arg-1,arg-2,....arg–n

অর্থাৎ, প্রথমে অবজেক্ট-এর নাম তারপর ডট(.) দিয়ে মেথডের নাম লিখতে হয়। এখানে arg1, arg2 প্রভৃতি হচ্ছে আরগুমেন্ট-এর তালিকা, যা সবসময় ব্যবহৃত না-ও হতে পারে। এখানে কোন অবজেক্ট-এর সাথে মেথড-এর নাম লেখার সময় যে ডট (.) ব্যবহার করা হয়েছে তাকে ডট অপারেটর বলে।

নিম্নে কয়েকটি মেথড উল্লেখ করা হল–

১। Move

২। Circle

৩। Drag

৪। Refresh

৫। Show


৬। Setfocus ইত্যাদি।

উদাহরণ ঃ Circle মেথড ব্যবহার করে বৃত্ত অঙ্কন।

১। প্রথমে ফর্মের Click ইভেন্টে নিম্নের কোড লিখি–

```
Private Sub Form–Click ()
Dim radius
for radius = 100 to 5000 step 100
circle (4000, 5000), radius, RGB (Rnd✡255, Rnd✡255, Rnd✡255)
Next radius
End sub
```

২। তারপর ফর্মটি রান করি, ফলে নিম্নের ন্যায় দেখতে পারো



চিত্র ঃ ৯.১৬ Circle মেথডের ব্যবহার

৯.১৩ প্রোপার্টিজ (Properties) ঃ

একটি অবজেক্টের যে-সব বৈশিষ্ট্য বিদ্যমান সেগুলোই প্রোপার্টিজ। অবজেক্টেরই প্রোপার্টিজ বিদ্যমান অবজেক্টের কিছু কিছু প্রোপার্টিজ ডিজাইন মুডে ও কিছু প্রোপার্টিজ রান মুডে সেট করা হয়। ডিজাইন মুডে প্রোপার্টি পরিবর্তন করতে হলে প্রোপার্টিজ উইন্ডো (Properties Window) ব্যবহার করতে হয়। আবার রান মুডে অবজেক্টের প্রোপার্টি পরিবর্তন করতে ডট (.) অপারেটর ব্যবহার করা হয়। ডট (.) অপারেটর ব্যবহার করার নিয়ম হল–


Object name. Properties

E_x : Label 1. Caption = "Enter Your Name"

Object Name   Properties

উদাহরণ ঃ Label-এর Caption প্রোপার্টিজ ব্যবহার করে Date ও Time প্রদর্শনের প্রোগ্রাম।

১। প্রথমে নিম্নের ন্যায় ইউজার ইন্টারফেস তৈরি করি।



চিত্র ঃ ৯.১৭ প্রোপার্টিজ-এর ব্যবহার

২। তারপর নিম্নের ন্যায় ডিজাইন মুডে অবজেক্টগুলোর মান পরিবর্তন করি।

Label 1	Caption = Current Time is =
Label 2	Caption = Current Date is =
Label 3	Caption = " "
Label 4	Caption = " "
Command 1	Caption = Time
Command 2	Caption = Date

৩। তারপর Time প্রোপার্টি বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখি

```
Private Sub-command 1 – Click ( )
Label3, Caption = Time ( )
End Sub
```

৪। তারপর Date বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখি

```
Private Sub-command 2–Click ( )
Label4. Caption = Date ( )
End Sub
```

৯.১৪ ইভেন্ট (Event) ঃ

ইভেন্ট হচ্ছে ঘটনা, অর্থাৎ কোন অবজেক্ট দ্বারা নির্ধারিত অ্যাকশানই হলো ইভেন্ট। কোন অবজেক্ট কোন মুহূর্তে তার কাজ সম্পাদন করবে তা নির্ধারণ করা হয় এই ইভেন্টের মাধ্যমে।


উদাহরণস্বরূপ ঃ

ইভেন্টগুলোর উদাহরণ–

১। Click
২। Change
৩। Dot Focus
৪। Lost Focus
৫। Load
৬। Unload
৭। Activate
৮। Terminate
৯। Mouse Move
১০। Mouse Down ইত্যাদি।

ধরি, দুটি সংখ্যার যোগফল বের করার জন্য একটি প্রোগ্রাম লেখা হয়েছে, যেখানে দুটি সংখ্যা দেওয়ার জন্য দুটি Text Box-এর যোগফল প্রদর্শনের জন্য একটি Text Box এবং ফলাফল কার্যকর করার জন্য একটি Command Button ব্যবহার করা হয়েছে।

১। প্রথমে নিম্নের ন্যায় ইউজার ইন্টারফেস তৈরি করি।



চিত্র ঃ ৯.১৮ ইউজার ইন্টারফেস

২। তারপর ডিজাইন সংডে নিম্নের ন্যায় প্রোপার্টিজ সেট করি–

[illegible]	Caption = Enter the number of A
[illegible]	Caption = Enter the number of B
[illegible]	Text = " "
[illegible]	Text = " "
[illegible]	Text = " "
[illegible]	Caption = Calculate
[illegible]	Caption = Exit

৩। তারপর Calculate বাটনে ডাবল ক্লিক করে নিম্নের কোড লিখিথ

Object name. Properties

Object name ইভেন্ট

```
Private Sub-command 1 – Click ( )
Text3. Text = Val (Text1. Text) + Val (Text2. Text)
End Sub
```

এক্ষেত্রে প্রোগ্রামটা রান করার পর Calculate বাটনে ক্লিক করলে ফলাফল প্রদর্শিত হবে। আবার Calculate বাটনের উপরে মাউস মুভ করলেই ফলাফল প্রদর্শিত হবে এমনটি চাইলে Click ইভেন্টের পরিবর্তে Mouse Move ইভেন্টে উপরোক্ত কোড লিখতে হবে।

৯.১৫ ভেরিয়েবল (Variable) ঃ

ভেরিয়েবল হচ্ছে চলক, যার মান পরিবর্তনশীল। অর্থাৎ, প্রোগ্রামিং-এর একটি উপাদান, যা প্রোগ্রাম চলাকালীন সময়ে অস্থায়ীভাবে ডাটা বা তথ্য সংরক্ষণ করতে ব্যবহার করা হয়। যেমন–

Syntax : Dim Variable – Name As Data Type
Ex : Dim Name As String

Name — Variable Name
String — Data Type

ভেরিয়েবল নামকরণের নিয়মাবলি ঃ

১. ভেরিয়েবলের নাম যে-কোন অক্ষর কিংবা সংখ্যা ব্যবহার করে লিখা যায়, তবে প্রথম ক্যারেক্টার অবশ্যই আলফা ক্যারেক্টর হতে হবে। যেমন–

শুদ্ধ	অশুদ্ধ
Name	9 Name
Salary	2555
Age	
It21	
Tiyan	

২. ভেরিয়েবলের নাম ২৫৫ অক্ষরের বেশি হতে পারে না।

৩. নামে কমা (,) বা ফুলস্টপ (.) বা স্পেস ব্যবহার করা যাবে না।

Emp.age; Emp,nane; Emp salary.

৪. Reserve Word বা Key word ব্যবহার করা যাবে না।

do, while, for, circle.

সম্ভাব্য মৌখিক প্রশ্নোত্তর

১। ভিজুয়্যাল প্রোগ্রামিং কী?

উত্তর: ভিজুয়্যাল প্রোগ্রামিং হচ্ছে এমন এক ধরনের Windows-ভিত্তিক OOP, যাতে মেনু, চিত্র বা কন্ট্রোল (Control) ব্যবহার করে যে-কোন বাস্তবভিত্তিক সমস্যার সমাধান করা যায়।

২। কয়েকটি ভিজুয়্যাল Software-এর নাম লিখ।

উত্তর: ভিজুয়্যাল Software-গুলো হচ্ছে Visual Basic, Visual C/C++, Visual Foxpro, Developer 2000 ইত্যাদি।

৩। Window কী?

উত্তর: উইন্ডো (Window) হচ্ছে ভিজুয়্যাল ইন্টারফেস কম্পোনেন্টসমূহের মূল উপাদান বা ভিত্তিস্বরূপ, যাতে ইউজার ইন্টারফেসের সকল কম্পোনেন্টসমূহ বিদ্যমান থাকে।

৪। মাল্টিটাস্কিং (Multitasking) কী?

উত্তর: যে প্রক্রিয়ায় একই সময়ে একই সাথে একাধিক কাজ (Task) সম্পন্ন করা যায় তাকে মাল্টিটাস্কিং বলে। বহুল ব্যবহৃত উইন্ডোজভিত্তিক অপারেটিং সিস্টেম যেমন– Windows XP, Windows 7, Windows 8 ইত্যাদি Multitasking অপারেটিং সিস্টেম হিসেবে পরিচিত।

৫। ডিবাগিং কী?

উত্তর: কোন প্রোগ্রামে সংঘটিত ত্রুটিসমূহ দূরীকরণের প্রক্রিয়াকে ডিবাগিং বলে।

৬। বাটন (Button) কী?

উত্তর: বাটন হচ্ছে ইউজার ইন্টারফেসের একটি Control, যা কোন নির্দেশ প্রদান করার জন্য ব্যবহৃত হয়।

৭। মেথড (Method) কী?

উত্তর: অবজেক্টের ক্রিয়াই হচ্ছে মেথড, অর্থাৎ অবজেক্টের সাহায্যে কোন কাজ সম্পাদন করানোকে মেথড বলে।

৮। ইভেন্ট (Event) কী?

উত্তর: ইভেন্ট অর্থ ঘটনা, অর্থাৎ এটি হচ্ছে এমন একটি ব্যবস্থা যার মাধ্যমে VB অ্যাপ্লিকেশনে ব্য[illegible] Object-সমূহ কী ধরনের কাজ সম্পাদন করবে তা নির্ধারণ করে দেয়।

৯। প্রোপার্টিজ (Properties) কী?

উত্তর: কোন Object-এর গুণাবলি বা বৈশিষ্ট্যকেই ঐ Object-এর প্রোপার্টিজ বলা হয়।

১০। GUI ও IDE-এর পূর্ণরূপ লিখ।

উত্তর: GUI- Graphical User Interface

IDE- Integrated Development Environment.

১১। ফ্রেম (Frame) কী?

উত্তর: একাধিক চেকবক্স কিংবা অপশন বাটনকে একটি গ্রুপে পরিণত করার জন্য ইউজার ইন্টারফেসে ব্যবহৃত কম্পোনেন্টকে ফ্রেম বলে।

সম্ভাব্য মৌখিক প্রশ্নোত্তর

১। ভিজুয়্যাল প্রোগ্রামিং কী?

উত্তর ভিজুয়্যাল প্রোগ্রামিং হচ্ছে এমন এক ধরনের Windows-ভিত্তিক OOP, যাতে মেনু, চিত্র বা কন্ট্রোল (Control) ব্যবহার করে যে-কোন বাস্তবভিত্তিক সমস্যার সমাধান করা যায়।

২। কয়েকটি ভিজুয়্যাল Software-এর নাম লিখ।

উত্তর ভিজুয়্যাল Software-গুলো হচ্ছে Visual Basic, Visual C/C++, Visual Foxpro, Developer 2000 ইত্যাদি।

৩। Window কী?

উত্তর উইন্ডো (Window) হচ্ছে ভিজুয়্যাল ইন্টারফেস কম্পোনেন্টসমূহের মূল উপাদান বা ভিত্তিস্বরূপ, যাতে ইউজার ইন্টারফেসের সকল কম্পোনেন্টসমূহ বিদ্যমান থাকে।

৪। মাল্টিটাস্কিং (Multitasking) কী?

উত্তর যে প্রক্রিয়ায় একই সময়ে একই সাথে একাধিক কাজ (Task) সম্পন্ন করা যায় তাকে মাল্টিটাস্কিং বলে। বহুল ব্যবহৃত উইন্ডোজভিত্তিক অপারেটিং সিস্টেম যেমন– Windows XP, Windows 7, Windows 8 ইত্যাদি Multitasking অপারেটিং সিস্টেম হিসেবে পরিচিত।

৫। ডিবাগিং কী?

উত্তর কোন প্রোগ্রামে সংঘটিত ত্রুটিসমূহ দূরীকরণের প্রক্রিয়াকে ডিবাগিং বলে।

৬। বাটন (Button) কী?

উত্তর বাটন হচ্ছে ইউজার ইন্টারফেসের একটি Control, যা কোন নির্দেশ প্রদান করার জন্য ব্যবহৃত হয়।

৭। মেথড (Method) কী?

উত্তর অবজেক্টের ক্রিয়াই হচ্ছে মেথড, অর্থাৎ অবজেক্টের সাহায্যে কোন কাজ সম্পাদন করানোকে মেথড বলে।

৮। ইভেন্ট (Event) কী?

উত্তর ইভেন্ট অর্থ ঘটনা, অর্থাৎ এটি হচ্ছে এমন একটি ব্যবস্থা যার মাধ্যমে VB অ্যাপ্লিকেশনে ব্য Object-সমূহ কী ধরনের কাজ সম্পাদন করবে তা নির্ধারণ করে দেয়।

৯। প্রোপার্টিজ (Properties) কী?

উত্তর কোন Object-এর গুণাবলি বা বৈশিষ্ট্যকেই ঐ Object-এর প্রোপার্টিজ বলা হয়।

১০। GUI ও IDE-এর পূর্ণরূপ লিখ।

উত্তর GUI- Graphical User Interface
IDE- Integrated Development Environment.

১১। ফ্রেম (Frame) কী?

উত্তর একাধিক চেকবক্স কিংবা অপশন বাটনকে একটি গ্রুপে পরিণত করার জন্য ইউজার ইন্টারফেসে ব্যবহৃত কম্পোনেন্টকে ফ্রেম বলে।

অধ্যায়-১০
কন্ট্রোল স্টেটমেন্টস (Control Statement)

১০.১ কন্ট্রোল স্টেটমেন্টস (Control Statement) :

প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজের মাধ্যমে সিদ্ধান্তমূলক অনেক কাজ করা হয়। প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজে এমন কিছু উপাদান আছে, যা ব্যবহার করে কম্পিউটারকে সিদ্ধান্ত নেওয়ার উপযোগী করা যায় বা ব্যবহার করে কম্পিউটারকে দিয়ে একই কাজ একাধিক বার করানো যায়।

ভিজুয়্যাল বেসিকের সেই উপাদানগুলো হল–

১. IF — THEN
২. F — THEN — END IF
৩. IF — THEN — ELSE
৪. IF — THEN — ELSE — END IF
৫. SELECT CASE — END SELECT
৬. DO — LOOP
৭. FOR — NEXT
৮. FOR EACH — NEXT
৯. WITH — END WITH
১০. WHILE — WEND
১১. DO WHILE — LOOP
১২. DO UNTIL — LOOP

উপরোক্ত তালিকার প্রথম ৫টি Conditional statements এবং নিচেরগুলো Iterative statements.

কন্ডিশনাল স্টেটমেন্ট (Conditional statements) : প্রোগ্রামে বিভিন্ন সময়ে বিভিন্ন ধরনের সিদ্ধান্তমূলক কাজ করার প্রয়োজন হয়। ব্যবহারকারীর কাজ থেকে প্রাপ্ত ডাটার উপর প্রোগ্রাম সিদ্ধান্ত নিবে কী তাকে করতে হবে। এই সিদ্ধান্ত নেয়ার কাজটা প্রোগ্রাম লেখার সময় প্রোগ্রামারদেরই ঠিক করে নিতে হয়। নিম্নের কন্ডিশনাল স্টেটমেন্টগুলোর বর্ণনা দেওয়া হল–

IF — THEN : কোন একটি স্টেটমেন্ট কন্ডিশন সত্য হলে কাজ করবে নতুবা কাজ করবে না। এই ধরনের কন্ডিশনের ক্ষেত্রে IF – THEN স্টেটমেন্ট ব্যবহার করা হয়।

IF — THEN-এর গঠন :


IF <u>Condition</u> THEN STATEMENT.

Example : IF $\frac{\text{age >= 18}}{\text{Condition}}$ THEN $\frac{\text{Msgbox "You Are Votter"}}{\text{Statement}}$

উল্লেখ্য যে, এই ধরনের স্টেটমেন্টে একই লাইনে লিখতে হয় এবং একটিই মাত্র ব্যবহার করা যায়।

উপরোক্ত স্টেটমেন্টে বোঝানো হয়েছে যদি বয়স ১৮ এর সমান বা বড় হয়, তাহলে তুমি ভোটার। যদি Condition সত্য হয়, তাহলে ভিজুয়্যাল বেসিক মান 1 রিটার্ন করে এবং মিথ্যা হলে মান O রিটার্ন করে। এক্ষেত্রে সত্য হলে THEN-এর পর স্টেটমেন্ট কাজ করবে তা না হলে কাজ করবে না, অর্থাৎ মিথ্যা হলে কাজ করবে না। এখানে Age নামের ভেরিয়েবলে প্রথমে মান দিতে হবে তারপর শর্ত সাপেক্ষে ফলাফল প্রদর্শিত হবে। মিথ্যা হলে কোন মেসেজ প্রদর্শিত হবে না, তবে সত্য হলে মেসেজ বক্সের মাধ্যমে You Are Votter প্রদর্শিত হবে।

১. প্রথমে নিম্নের ন্যায় ইউজার ইন্টারফেস তৈরি করি–



চিত্র ঃ ১০.১ ইউজার ইন্টারফেস

২. তারপর নিম্নের ন্যায় অবজেক্টগুলোর মান বা Properties সেট করি–

Text	**Text = " "**
[illegible]	Caption = "Enter Your Age "
[illegible]	Caption = " Calculate "
[illegible]	Caption = " Exit "

৩. তারপর Calculate বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখি –

```
Private Sub Command — Click ( )
Dim age as integer
age = Text1. Text
If age > = 18 Then msgbox "Your Are Votter"
End if
End sub
```

৪. তারপর Exit বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখি–

```
Private Sub Command 2 Click ( )
End
End sub
```

IF — THEN — END IF ঃ এক বা একাধিক স্টেটমেন্ট কন্ডিশন সত্য হলে কাজ করবে নতুবা করবে না সেই ক্ষেত্রে এই Conditional Statement ব্যবহার করা হয়। IF – THEN-এর ক্ষেত্রে THEN-এর পরে শুধুমাত্র একটি স্টেটমেন্ট ব্যবহার করা হয়। এই অসুবিধা থেকে মুক্তি পেতে অর্থাৎ THEN-এর পর একাধিক স্টেটমেন্ট ব্যবহার করতে এই Conditional statement ব্যবহার করা হয়।

IF — THEN — END IF-এর গঠন ঃ

```
If Condition Then
      Statement 1
      Statement 2
      Statement 3
End if .
```

Example :

```
If age > = 18 Then
Msgbox " You Are votter "
Msgbox " You Are Adult "
End if
```

এই ধরনের স্টেটমেন্ট ব্যবহার করার অবশ্যই end if দিতে হবে।

IF — THEN — ELSE

if..Then..Else হল If..Then-এরই বর্ধিত রূপ এবং এর গঠন হল–

If Condition Then statement Else statement

এখানে Condition সত্য হলে Then-এর পর লেখা Statement কাজ করবে। কিন্তু Condition মিথ্যা হলে Else-এর পরবর্তী statement কাজ করবে। যেমন–

If Your age > = 18 Then MsgBox "Can Vote" Else MsgBox "Can't Vote"

এখানে Your Age ভেরিয়েবল-এর মান 18 কিংবা তার চেয়ে বেশি হলে মেসেজ বক্সে Can Vote প্রদর্শিত হবে। অন্যথায় Can't Vote প্রদর্শিত হবে।

এখানে আমরা Then কিংবা Else-এর পর শুধুমাত্র একটা Statement-ই লিখতে পারবো। কিন্তু Then কিংবা Else-এর পর আমাদের যদি একাধিক Statement ব্যবহার করতে হয়, তাহলে আমরা If..Then..Else..End If ব্যবহার করতে পারি।

IF — THEN — ELSE — END IF.

কোন কন্ডিশন সত্য হলে এক বা একাধিক স্টেটমেন্ট কাজ করবে, আর মিথ্যা হলে Then-এর পরে একাধিক স্টেটমেন্ট কাজ করবে। এই ধরনের প্রোগ্রামিং সিদ্ধান্ত নিতে IF — Then — Else — End if স্টেটমেন্ট ব্যবহার করা হয়।

If..Then..Else..End If ব্যবহারের নিয়ম হল–


```
If condition Then
    statement_1
    statement_2
    ....
    statement_n
Else
    statement_1
    statement_2
    ....
    statement_n
End If
```

এখানে If এর Condition সত্য হলে প্রোগ্রামে If..Then এবং Else-এর মধ্যবর্তী Statement-গুলো কাজ করবে। অন্যথায় Else..End If এর মধ্যবর্তী Statement-গুলো কাজ করবে।

If — Then — Else — end if

এর ব্যাপারটা ভালভাবে বোঝার জন্য নিচের উদাহরণটা লক্ষ করা যাক–

১। প্রথমে নিম্নের ন্যায় ইউজার ইন্টারফেস তৈরি করি



চিত্র ঃ ১০.২ ইউজার ইন্টারফেস

২। তারপর ফর্মে ব্যবহৃত অবজেক্টগুলোর প্রোপার্টিজ সেট করি–

[illegible]	Caption = "Enter Your Age"
[illegible]	Caption = Calculate
[illegible]	Exit
[illegible]	Text = " "

৩। তারপর Calculate বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখি–

```
Private Sub Command 1 – Click ( )
Dim Age as integer
Age = Text 1. Text
If Age > = 18 Then
    Msgbox "You Are Votter"
    Msgbox "You Are Adult"
Else
    Msgbox "You Are not Votter"
    Msgbox "You are not Adult"
End if
```

৪। তারপর command 2 বা exit বাটনে ডাবল ক্লিক করে নিচের ন্যায় কোড লিখি–

```
Private Sub
```

এবার কোড লিখার ফর্মটা রান করে Text1 বক্সে যদি 20 টাইপ করি তাহলে Age > = 18 এই কন্ডিশন সত্য হবে। ফলে প্রোগ্রামের If সংশ্লিষ্ট Statement কাজ করবে, অর্থাৎ পর পর দুটি ম্যাসেজ বক্সে You Are Votter এবং You Are Adult প্রদর্শিত হবে।

আবার ফর্মের Text1 বক্সে যদি 15 টাইপ করি এবং Calculate বাটনে ক্লিক করি তাহলে Age > = 18 এই কন্ডিশন মিথ্যা হবে, ফলে If সংশ্লিষ্ট স্টেটমেন্টের Else অংশের পর কাজ করবে অর্থাৎ পর পর দুটি ম্যাসেজ বক্সে You Are not Votter এবং You Are not Adult প্রদর্শিত হবে।

IF — THEN — ELSE IF — ELSE — END IF.

একাধিক Condition নিয়ে কাজ করতে এই ধরনের স্টেটমেন্ট ব্যবহার করা হয়। অর্থাৎ দুই বা ততোধিক শর্ত সাপেক্ষে কতগুলো স্টেটমেন্ট কাজ করবে এই ধরনের সিদ্ধান্তমূলক কাজে IF — Then — Else if — Else — End If ব্যবহার করা হয়।

প্রোগ্রামে IF..Then..Else..End If এর সাথে Else if ব্যবহার করে, সিদ্ধান্তমূলক কাজটা আরও ভালভাবে করা যায়। প্রথমে Else if ব্যবহারের নিয়মটা হল–

```
If condition Then
    statement (s) ← If  এর স্টেটমেন্ট
Else if condition then
    statement (s) ← If  এর স্টেটমেন্ট
Else
    statement (s) ← If  এর স্টেটমেন্ট
End if
```

এখানে Condition হিসাবে দেয়া সবগুলো এক্সপ্রেশন একই ভেরিয়েবল নিয়ে কাজ করে। ভেরিয়েবল-এর মান যে এক্সপ্রেশন-এর জন্য সত্য হবে, প্রোগ্রামে কেবলমাত্র সেই এক্সপ্রেশন সংশ্লিষ্ট স্টেটমেন্ট কাজ করবে। কিন্তু যদি কোন এক্সপ্রেশনই সত্য না হয়, তাহলে প্রোগ্রামে Else-এর স্টেটমেন্ট কাজ করবে। ব্যাপারটা আরও ভালভাবে বোঝার জন্য নিচের উদাহরণটা দেখা যাক–

```
score = Val (InputBox ("Enter You exam score:"))
If score > = 90 AND score < = 100 Then
    MsgBox "Your Grade is A"
Else if score < 90 AND score > = 80 Then
    MsgBox "Your Grade is B"
Else if score < 80 AND score > = 70 Then
    MsgBox "Your Grade is C"
Else if score < 70 AND Score > 60 Then
    MsgBox "Your Grade is D"
Else
    MsgBox "Your Grade is F"
End If
```

এখানে score ভেরিয়েবলের জন্য 60 থেকে 100 এর মধ্যে যে মান দেয়া হবে, সেই মান যে এক্সপ্রেশনের জন্য সত্য হবে, প্রোগ্রামে সেই এক্সপ্রেশন সংশ্লিষ্ট স্টেটমেন্ট তথা MsgBox কাজ করবে। কিন্তু 60 থেকে 100 এর বাইরে কোন মান নির্ধারিত হলে Else কাজ করবে। যেমন– উপরের কোডগুলো ফর্মের Click ইভেন্ট-এ লিখে, ফর্মটা রান করে তাতে ক্লিক করলে প্রথমে একটা ইনপুট বক্স প্রদর্শিত হবে। ধরা যাক, এই ইনপুট বক্সে আমরা 75 লিখে এর Ok বাটনে ক্লিক করলাম। ফলে এক্ষেত্রে score ভেরিয়েবল-এর মান হবে 75. এবার কম্পিউটার If..Then..Else If..Else..End If নিয়ে কাজ আরম্ভ করবে। যেহেতু এখন score ভেরিয়েবল-এর মান 75, তাই প্রথম ও দ্বিতীয় Condition মিথ্যা হবে। অর্থাৎ,

```
score >= 90 AND score <= 100     ' If এর condition এবং
score < 90 AD score >= 80        ' Else If  এর condition
```

এই দুই *condition* মিথ্যা হবে।

কিন্তু তৃতীয় *condition* (score < 80 AND score >= 70) টা সত্য। ফলে স্ক্রীনে Your grade is C. লেখাটা প্রদর্শিত হবে। আবার score এর মান যদি 45 দেয়া হয়, তাহলে কোন Condition-ই সত্য হবে না। ফলে প্রোগ্রাম Else অংশ কাজ করবে। অর্থাৎ, স্ক্রীনে Your grade is F. লেখাটা প্রদর্শিত হবে।

এই ধরনের একাধিক Condition-এর কাজটি select case-এর মাধ্যমেও করা যায়।

❑ **Select–Case–End Select :** একাধিক শর্ত সাপেক্ষে একাধিক স্টেটমেন্ট ব্যবহার করতে এই ধরনের Structure ব্যবহার করা হয়।

উপরে আমরা Else if যে কারণে ব্যবহার করেছি, বলা যায় সেই একই উদ্দেশ্যে Select…Case…End Select ব্যবহার করা হয়। অর্থাৎ, কোন এক্সপ্রেশনের একটা ভেরিয়েবলের বিভিন্ন রকম মানের জন্য ভিন্ন ভিন্ন statement ব্যবহার করতে হলে এই Select….Case ব্যবহার করা যায়। Select.... Case ব্যবহারের নিয়ম হল,

```
Select Case test_expression
Case expression_list1
statement_case_1
Case expression_list2
statement_case_2
....
Case expression_list_n
statement_case_n
Case Else
statement_case_Else
End Select
```

অর্থাৎ, প্রথমে Select Case লিখে পরে যে এক্সপ্রেশন কিংবা ভেরিয়েবল-এর মানটা চেক করা হবে তা লিখতে হয়। এর পর পরবর্তী লাইনগুলোতে Case-এর সাথে test_expression ভেরিয়েবল-এর বিভিন্ন মানগুলো লিখতে হয়। সবশেষে End Select লিখে Select Case এর কাজ শেষ করতে হয়। এখানে test–expression এর যে মানটা ভেতরের যে Case এর সাথে মিলবে, সেই Case সংশ্লিষ্ট এক বা একাধিক statement প্রোগ্রামে কাজ করবে। যদি কোন Case-এর সাথেই না মিলে, তাহলে Case Else সংশ্লিষ্ট statement কাজ করবে।

উদাহরণ :

উপরে আমরা Else if ব্যবহার করে যে কোডগুলো লিখেছি তা Select. Case ব্যবহার করে কীভাবে লেখা যায়, তা নিচে দেখানো হল–

```
Select Case score/10
Case 9,10
      MsgBox "Your Grade is A"
Case 8
      MsgBox "Your Grade is B"
Case 7
      MsgBox "Your Grade is C"
Case 6
      MsgBox "Your Grade is D"
Case Else
      MsgBox "Your Grade is E"
End Select
```

এখানে score ভেরিয়েবলের জন্য যে মান দেয়া হবে তা 10 দিয়ে ভাগ করার পর, ভাগফল যে Case-এর মানের সাথে মিলবে, সেই Case সংশ্লিষ্ট MsgBox কাজ করবে। যেমন– score এর মান যদি 87 হয়, তাহলে Select Case-এর test–expression এর মান হবে, score/10 = 87/10 = 8 ফলে প্রোগ্রামে Case 8 সংশ্লিষ্ট statement কাজ করবে। অর্থাৎ, স্ক্রীনে Your Grade is B লেখাটা দেখা যাবে। যদি score-এর জন্য এমন মান নির্ধারণ করা হয় (যেমন– ৩৪), যা কোন Case এর সাথেই মিলে না, তাহলে Case Else অংশ কাজ করবে।

উপরে একটা বিষয় লক্ষনীয় যে, প্রথম Case-এ আমরা দুটো মান একসাথে লিখেছি, Case 9,10 অর্থাৎ, এক্ষেত্রে score ভেরিয়েবলের মান 10 দিয়ে ভাগ করার পর যদি ভাগফল 9 কিংবা 10 হয়, তাহলে এই Case সংশ্লিষ্ট MsgBox কাজ করবে এবং এভাবে একাধিক মান কমা দিয়ে লিখলে ভিজুয়্যাল বেসিক কিছুই মনে করবে না।

Iterative Statement

প্রোগ্রামে সিদ্ধান্তমূলক কাজ করার জন্য পূর্বেই Conditional statement ব্যবহার করেছি। তবে কোন কাজ একাধিক বার করার জন্য যে Statement ব্যবহার করা হয়, তাই Iterative statement. প্রোগ্রামে বিভিন্ন সময়ে একই কাজ বার বার করার প্রয়োজন হয়, ফলে iterative statement ব্যবহার করা হয়। যেমন– Print কমান্ড এর মাধ্যমে কোন মেসেজ ফর্মে প্রদর্শন করা যায়।

Print "Haji Abul Hossain Institute of Technology" ফলে Haji Abul Hossain Institute of Technology লেখা প্রদর্শিত হবে। যদি ৫(পাঁচ) বার লেখাটি প্রদর্শন করতে চান তাহলে নিম্নের ন্যায় ৫(পাঁচ) বার লিখতে পারেন।

```
Print "Haji Abul Hossain Institute of Technology"
Print "Haji Abul Hossain Institute of Technology"
Print "Haji Abul Hossain Institute of Technology"
Print "Haji Abul Hossain Institute of Technology"
Print "Haji Abul Hossain Institute of Technology"
```

উপরোক্ত পাঁচ লাইন কোডের পরিবর্তে Iterative statement ব্যবহার করে খুব সহজেই করা যায়। নিম্নে দেখানো হল–

```
for i = 1 to 5
Print "Haji Abul Hossain Institute of Technology"
Next i
```

উপরোক্ত কোডের ক্ষেত্রে 05 এর পরিবর্তে 10 লিখলে দশ লাইন প্রদর্শিত হবে। এভাবে একাধিক লাইন লেখার পরিবর্তে interative statement-এর মাধ্যমে খুব সহজেই করা সম্ভব।

Iterative statement-গুলো হল–

১. For — Next
২. For — Each — Next
৩. Do — Loop
৪. Do while — Loop
৫. Do until — Loop
৬. While — Wend
৭. With — End with

For — Next ঃ প্রোগ্রামের এক বা একাধিক Statement-কে একটা নির্দিষ্ট বার পর্যন্ত কাজ করানোর জন্য For — Next ব্যবহার করা হয়।

For — Next এর গঠন ঃ

For counter = start to End $\left[\frac{\text{Step Increment}}{\text{Optional}}\right]$

Statements

Next counter

এখানে For লুপ-এর শুরুটা কী-ওয়ার্ড For দিয়ে শুরু করতে হয়। এরপর Counter বা Variable-এর মাধ্যমে স্টেটমেন্ট কতবার কাজ করবে তা নির্ধারণ করতে হয়। তারপর পরবর্তী লাইনে এক বা একাধিক Statement লিখতে হয়। যে Statement-গুলো Counter বা Variable-এর নির্ধারিত মান অনুযায়ী ততবার কাজ করবে। সর্বশেষে For লুপের শেষ বোঝাতে Next কী-ওয়ার্ড ব্যবহার করতে হয় এবং Next এর পর Counter বা Variable লিখতে হয়।


উদাহরণ ঃ

```
For i = 1 to 20
        Print i
        Next i
```

ফলে ফর্মে 1, 2, 3, 4 ----------- 20 পর্যন্ত লেখা প্রদর্শিত হবে।

For — Loop ব্যবহার করে 1 + 2 + 3 + 4 + ---------- + n সমীকরণের যোগফল বের কর।

১। প্রথমে নিম্নের ন্যায় ফর্ম বা ইউজার ইন্টারফেস তৈরি করি—



চিত্র ঃ ১০.৩ ইউজার ইন্টারফেস

২। তারপর নিম্নের প্রোপার্টিজ সেট করি –

Label 1	Caption = 1 + 2 + 3 + 4 + ---------- + N
Label 2	Caption = Sum of Nth Number =
Text 1	Text = " "
Command 1	Caption = Calculate
Command 2	Caption = Exit

৩। তারপর Calculate বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখি –

```
Private Sub Command 1 – Click ( )
Dim s, i, n, as integer
n = Inputbox ("Enter the value of N = ")
      S = 03
for i = 1 to n
      S = s + i
Next i
Text 1. Text = Val (s)
End Sub
```

৪। তারপর Exit বাটনে ডাবল ক্লিক করে নিম্নের কোড লিখি–

For — Loop এর Step এর ব্যবহার ঃ


নির্দিষ্ট কোন Step পরপর অর্থাৎ 1, 3, 5 ---- অথবা 2, 4, 6 অথবা 1, 5, 9, 13 ইত্যাদি এই ধরনের কোন সংখ্যার ব্যবহার করতে Step ব্যবহার করা হয়। ডিফল্ট হিসাবে মান 1 করে বাড়বে আর Step এর পর যত করে Increment ব্যবহার করবেন তত করে Increment হবে। যেমন– Step 2 হলে 2 করে বাড়বে আবার Step 3 হলে 3 করে বাড়বে।

উদাহরণ ঃ
```
For i = 1 to 20 step 2
      Print i
      Next i
```

ফলে ফর্মে 1, 3, 5, 7 এভাবে প্রদর্শিত হবে।

For — Loop এর Step ব্যবহার করে 1 + 3 + 5 + --------- + N সমীকরণের যোগফল বের কর।

১। প্রথমে নিম্নের ন্যায় ফর্ম বা ইউজার ইন্টারফেস তৈরি করি



চিত্র ঃ ১০.৪ ইউজার ইন্টারফেস

২। তারপর নিম্নের ন্যায় প্রোপার্টিজ সেট করি–

Label 1	Caption = 1 + 2 + 5 + ---------- + N
Label 2	Caption = Sum of Nth Number =
Text 1	Text = " "
Command 1	Caption = Calculate
Command 2	Caption = Exit

৩। তারপর Calculate বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখি–

```
Private Sub-command1– Click ( )
Dim n, i, s as integer
n = inputbox ("Enter the Nth number = ")
S = 0
for i = 1 to N step 2
S = s + i
Next i
Text = Val (s)
End Sub
```

৪। তারপর Exit ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় লিখি–

```
Private Sub Command2 – Click ( )
End
End Sub
```

৫। তারপর F5 প্রেস করি বা ফর্মটি রান করি ফলে নিম্নের ন্যায় প্রদর্শিত হবে।

৬। তারপর Calculate বাটনে ক্লিক করুন এর ইনপুট হিসাবে N এর মান দিন। ফলে N তম সংখ্যার যোগফল টেক্সট বক্সে প্রদর্শিত হবে।

For Each — Next ঃ কোন অ্যারে বা কালেকশনের প্রতিটা Element-এর জন্য কোন statement-কে একাধিক বার আবর্তিত করার জন্য For Each — Next স্টেটমেন্ট ব্যবহার করা হয়। কোন Array বা Collection এর প্রতিটি Element এর মধ্যে কয়েকটার Statement কয়েক বার কাজ করবে এ ধরনের পরিস্থিতিতে For Each — Next ব্যবহার করা হয়।

For Each — Next এর গঠন ঃ

```
For Each Element in group
[Statements]
[Exit For]
[Statement]
Next Element.
```

এখানে Element এর জন্য একটি ভেরিয়েবল নির্ধারণ করতে হয়, যার মাধ্যমে Group অংশ Array বা Collection-এর প্রতিটি element বা object এর জন্য statement অংশে নির্ধারিত statement-গুলো কাজ করবে। তবে Exit for ব্যবহার না করলেও চলবে। অবশেষে Next এবং Element ভেরিয়েবল দিয়ে শেষ বোঝানো হয়। তবে ভেরিয়েবলের ডাটা টাইপ হিসাবে Variant বা object নির্ধারণ করতে পারবেন।

উদাহরণ ঃ

```
Dim str, obj, grcol
str = False
For Each obj in grcol
If obj. Text = "Tiyan" Then
Str = True
Exit For
End if
Next
```

While — Wend

প্রোগ্রামে এক বা একাধিক স্টেটমেন্ট একটি নির্দিষ্ট কন্ডিশন মিথ্যা না হওয়া পর্যন্ত কাজ করবে এক্ষেত্রে While — Wend ব্যবহার করা হয়।

উদাহরণ ঃ কোন Command বাটনে নিম্নের ন্যায় কোড লিখুন

```
Private Sub Command 1 – Click ( )
i = Inpoutbox ("Enter value = ")
While (i <> ∅)
Msgbox "Value is = " 8i
i = i – 1
Wend
End Sub
```

এখানে condition অর্থাৎ i <> ∅ যতক্ষণ মিথ্যা না হবে ততক্ষণ পর্যন্ত While-wend এর মধ্যবর্তী মেসেজবক্সে মান প্রদর্শিত হবে এবং i এর মান 1 করে কমতে থাকবে। ধরুন, আপনি 1 এর মান 10 দিয়েছেন ফলে 10 <>∅ এই কন্ডিশনটি সত্য, ফলে কাজ করবে অর্থাৎ মেসেজ বক্সে মান দেখাবে এবং i এর মান 1 কমবে। যখন i এর মান O হবে অর্থাৎ O< >O এই কন্ডিশনটি মিথ্যা তাহলে কোন মেসেজ বক্স প্রদর্শিত হবে না।

Do — Loop : এক বা একাধিক Statement-কে কন্ডিশন মিথ্যা না হওয়া পর্যন্ত কাজ করার প্রয়োজন হলে Do While — Loop ব্যবহার করা হয়।

Do while — Loop এর গঠন ঃ

```
Do while [condition]
    statements
Loop
```

উদাহরণ ঃ

১। প্রথমে একট ফর্মে ১টি কমান্ড বাটন সংযুক্ত করুন।

২। তারপর কমান্ড বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখুন

```
Private Sub command 1 – Click ( )
Dim i as integer
i = Inputbox ("Enter value = ", 8)
Do while i < > 5
Msgbox "U Have Intered" 8 i
i = i – 1
Loop
```

এখানে প্রথমে i এর মান Inputbox এর মাধ্যমে যদি আপনি 5 দেন তাহলে কারণ 5 < > 5 হলো মিথ্যা। আগেই বলা হয়েছে মিথ্যা না হওয়া পর্যন্ত কাজ করবে যেহেতু মিথ্যা তাই কোন কাজ করবে না। অর্থাৎ, কোন মেসেজ বক্সে মেসেজ দেখবে না। আবার আপনি যদি 6 দেন তাহলে 6 < > 5 ঘটনা সত্য তাহলে কাজ করবে এবং মেসেজ বক্স 1 বার প্রদর্শিত হবে। তবে Do while — Loop এর ক্ষেত্রে প্রথমে Condition চেক করবে এবং পরে Msgbox এর কাজ করবে। আবার

```
Do
    Statements
Loop while condition
```

উদাহরণ ঃ

```
Dim i as integer
        i = Inputbox ("Enter value = ")
Do
        Msgbox "U Have Entered" 8i
        i = i – 1
Loop i < > 5
```

এক্ষেত্রে Statement আগে কাজ কবে এবং পরে Conditon চেক করবে। এই প্রোগ্রামে আপনি ইনপুট বক্সে যদি 5 দেন তাহলে প্রথমে 5 হতে 1 বিয়োগ হয়ে i < > 5 অর্থাৎ 4 < > 5 চেক করবে। ফলে ঘটনা যেহেতু মিথ্যা সেহেতু কাজ করবে এবং Infinite Loop-এ কাজ করবে। তাই প্রোগ্রাম বন্ধ করতে Ctrl + Pause Break ব্যবহার করুন। তবে পূর্বের কোডি-এ 5 ইনপুট দিলে কোন মেসেজ দেখাবে না।

Do until — Loop : এই ক্ষেত্রে Condition এর মান সত্য না হওয়া পর্যন্ত কাজ করবে।

গঠন ঃ

```
Do until condition
statements
Loop
```

উদাহরণ ঃ

১। প্রথমে ফর্মে একটি কমান্ড বাটনে নিম্নের ন্যায় কোড লিখুন

```
Private Sub command1 – Click ( )
Dim i as integer
i = Inputbox ("Enter until = ")
Do until i = 5
Msgbox "U Have Entered = " 8i
i = i – 1
Loop
End Sub
```

এক্ষেত্রে প্রথমে i = 5 চেক করবে যদি সত্য হয়, তাহলে Do until — Loop এর ভিতরের Statement-গুলো কাজ করবে না। ধরুন আপনি 6 ইনপুট করলেন তাহলে 6 = 5 মিথ্যা বলে কাজ করবে এবং মেসেজ দেখাবে। যদি 5 দেন তাহলে 5 = 5 সত্য বলে কাজ করবে না অর্থাৎ মেসেজ দেখাবে না।

ইনপুট বক্স (Input Box) ঃ কোন ইউজারের কাছ থেকে কোন ডাটা নেওয়ার জন্য এই ফাংশনটা ব্যবহার করা হয়।


ইনপুট বক্সের গঠন ঃ Inputbox (Prompt] [, title] [, default] [, xpos] [, ypos] [, help File] [, Context] এখানে Input Box এরপর প্রথম বন্ধনীর মধ্যে Prompt-এর পরিবর্তে " " ইনভার্টেড কমার মধ্যে মেসেজ টাইপ করতে হয় (যেমন– "Enter Your Name") এবং তারপর Title অংশ হতে Context অংশ পর্যন্ত অপশন বলা হয়। Title অংশটির মাধ্যমে ইনপুট বক্সের শিরোনাম বা টাইটেল কি হবে তা নির্ধারণ করা হয়। Default অংশটির মাধ্যমে ইনপুট বক্সের ডিফল্ট মান সেট করা যায় (যেমন– "Tiyan" অথবা 10) Xpos ও Ypos এর মাধ্যমে ইনপুট বক্সের পজিশন অর্থাৎ, X অক্ষ ও Y অক্ষ নির্ধারণ করা হয় (যেমন– 4000, 5000) এভাবেই অপশনগুলো কাজে লাগিয়ে সঠিকভাবে Input Box ব্যবহার করা হয়।

ইনপুট বক্সের প্রদত্ত মানকে নিয়ে কাজ করতে ভেরিয়েবল ব্যবহার করা হয়। যদি Name নামে কোন ভেরিয়েবলে ইনপুট বক্সের ফলাফল সংরক্ষণ করতে হয়।

তাহলে, Dim name as string

$$\frac{\textbf{Name}}{\text{Variable}} = \text{Inputbox}\left(\frac{\text{"Enter Your Name"}}{\text{Prompt}}, \frac{\text{"Input Yur Name"}}{\text{Title}}, \frac{\text{"Tiyan"}}{\text{defult}}\right)$$

উপরোক্ত কোডটি command বাটনে নিয়ে রান করলে নিম্নের ন্যায় প্রদর্শিত হবে।



চিত্র ঃ ১০.৫ ইনপুট বক্সের ব্যবহার

মেসেজ বক্স (Message Box) ঃ কোন ডাটা প্রদর্শনের জন্য এই মেসেজ বক্স ব্যবহার করা হয়। কোন ভেরিয়েবলের মান মেসেজ আকারে প্রদর্শনের জন্য Message Box ব্যবহার করা হয়।

মেসেজ বক্সের গঠন ঃ Msgbox (Message, button, title, helpfile, context) vBmessage Result

এখানে Message অপশনটি " " ইনভার্টেড কমার মধ্যে লিখে মেসেজ প্রদর্শনের জন্য ব্যবহার করা হয়। তারপর Button অপশনটি মেসেজ বক্সের বিভিন্ন ধরনের বাটন প্রদর্শনের জন্য ব্যবহার করা হয়।

এই অপশনের জন্য নিচের যে-কোন এক বা একাধিক মান কিংবা Constant নির্ধারণ করা যায়।

Constant	Value	Description
vb OkOnly	0	Ok button only.
vbOKCancel	1	Ok and Cancel buttons.
vbAbortRetryIgnore	2	Abort, Retry, and Ignore
vbYesNo Cancel	3	Yes,No,and Cancel
vbYesNo	4	Yes and No buttons.
vbRetryCancel	5	Retry and Cancel buttons.
vbCritical	16	Critical Message icon
vbQuestion	32	Warning Query icon
vbExclamation	48	Warning Message icon
vbInformation	64	Information icon
vbDefaultButton1	0	First button is default.
vbDefaultButton2	256	Second button is default.
vbDefaultButton3	512	Third button is default.
vbDefaultButton4	768	Fourth button is default.
vbApplicationModal	0	Application modal
vbSystemModal	4096	System


modalvbMsgBoxHelpButton	16384	Adds Help button to the Message box
vbMsgBoxSetForeground	65536	Specifies the message box window as the foreground window

আমরা যদি কোন বাটনে Click ইভেন্টে নিম্নের ন্যায় কোড লিখি

Dim get as integer

get = Msgbox ("Do You want to Exit?" [Message অংশ] 4 ['Button অংশ]);

তারপর ফর্মটি রান করে বাটনে ক্লিক করলে নিম্নের ন্যায় প্রদর্শিত হবে।



চিত্র ঃ ১০.৬ Message box এর ব্যবহার

তবে উপরের মানগুলোকে আমরা পাঁচ ভাগে বিভক্ত করতে পারি। প্রথম ভাগ হল 0–5, যাদের মাধ্যমে নির্ধারণ করা যায় ডায়ালগ বক্স-এ কয়টা বাটন এবং কোন কোন বাটনগুলো প্রদর্শিত হবে। দ্বিতীয় ভাগ হল 16, 32, 48 এবং 64 যাদের মাধ্যমে নির্ধারণ করা যায়, ডায়ালগ বক্স-এ কোন আইকনটা প্রদর্শিত হবে। তৃতীয় ভাগ হল 0, 256, 512 এবং 764 যাদের মাধ্যমে নির্ধারণ করা যায়, কোন বাটনটা ডিফল্ট বাটন হিসাবে ব্যবহৃত হবে। চতুর্থ ভাগটা হল 0 এবং 4096 যার মাধ্যমে মেসেজ বক্স-এর modality নির্ধারণ করা যায়। পঞ্চম ভাগ হল, 16384, 65536, 524288 এবং 1048576, যার মাধ্যমে Message অপশনের জন্য নির্ধারিত টেক্সট মেসেজ বক্স-এর ধরন পরিবর্তন করা যায়। Button এর মান নির্ধারণের সময়, প্রতিটা ভাগ থেকেই একটা করে মান নির্ধারণ করা যায়। তবে একটা ভাগ থেকে শুধু একটা মানই নির্ধারণ করতে হবে। যেমন– আমরা যদি ফর্মের Click ইভেন্ট-এ লিখি–

Get = MsgBox.("Do You want to Exit?", 4 + 32)

তাহলে ফর্মটা রান করে তাতে ক্লিক করলে প্রদর্শিত ডায়ালগ বক্স-এ Yes এবং No বাটন এবং একটা আইকন প্রদর্শিত হবে, যা পাশের চিত্রে দেখানো হল। এখানে button অপশনের জন্য 4 + 32 নির্ধারণ করার ফলে দুটো বাটন এবং আইকন প্রদর্শিত হচ্ছে। 4 এর জন্য বাটন দুটো এবং 32 এর জন্য এই আইকনটা প্রদর্শিত হচ্ছে। এভাবে button অপশনের জন্য + ব্যবহার করে বিভিন্ন ভাগ থেকে একটা করে মান নির্ধারণ করা যায়।

যদি button অপশন-এর জন্য কোন মান নির্ধারণ করা না হয়, তাহলে ভিজুয়্যাল বেসিক 0 ধরে নিবে। অর্থাৎ, শুধুমাত্র Ok বাটন প্রদর্শন করবে।

◆ **Title ঃ** Title এর মাধ্যমে মেসেজ বক্স-এর টাইটেলটা নির্ধারণ করা যায়। এখানে যে স্ট্রিং নির্ধারণ করা হবে,তা-ই টাইটেল হিসাবে প্রদর্শিত হবে। যেমন– আমরা যদি ফর্মের Click ইভেন্ট-এ লিখি–

Get = MsgBox ("We Changed it", , 'Set Title")

তাহলে ফর্মটা রান করে তাতে ক্লিক করলে প্রদর্শিত মেজেস বক্সের টাইটেল হিসাবে Set Title প্রদর্শিত হবে, যা পাশের চিত্রে দেখানো হল।

তাবে title অপশনের জন্য কোন মান নির্ধারণ না করলেও চলে। এক্ষেত্রে প্রজেক্ট-এর নামটা টাইটেল হিসাবে প্রদর্শিত হবে।

◆ **MsgBox ( ) ফাংশন যা রির্টান করে ঃ** উপরে আমরা দেখলাম যে, MsgBox ( ) এর button অপশনের মাধ্যমে একাধিক বাটন প্রদর্শন করা যায়। কিন্তু ব্যবহারকারী দ্বারা কোন বাটনটা প্রেস করা হল, তা আমাদের প্রোগ্রাম কীভাবে জানবে? যেমন– পাশের চিত্রের ডায়ালগ বক্সটার কথাই ধরা যাক। এখানে Yes এবং No বাটন আছে। ধরা যাক, Yes বাটনে ক্লিক করলে প্রোগ্রামে এক ধরনের কাজ হবে, No বাটনে ক্লিক করলে অন্য রকমের কাজ করবে। কিন্তু আমাদের প্রোগ্রাম জানবে কীভাবে যে, কোন বাটনটা প্রেস করা হল?

খুব সহজ। MsgBox ফাংশনটা ডায়ালগ বক্স-এর কোন বাটনটা প্রেস করা হয়েছে, তার উপর ভিত্তি করে একটা মান বা constant রির্টান করে। আমরা এই constant-কে যদি কোন ভেরিয়েবল-এ রাখি, তাহলে সহজেই বের করা যাবে, কোন বাটনটা প্রেস করা হয়েছে। কোন বাটন প্রেস করলে এই ফাংশন কি মান বা constant রিটার্ন করে তা নিচের তালিকায় দেখানো হল–

Constant	Value	Description
vbOk	1	OK
vbCancel	2	Cancel
vbAbort	3	Abort
vbRetry	4	Retry
vbIgnore	5	Ignore
vbYes	6	Yes
vbNo	7	No

অর্থাৎ ডায়ালগ বক্স-এ যদি Yes এবং No বাটন থাকে এবং ব্যবহারকারী যদি Yes বাটনে প্রেস করে, তাহলে এই ফাংশন 6 রির্টান করবে। কিন্তু যদি No বাটনে প্রেস করে, তাহলে এই ফাংশন 7 রির্টান করবে। ব্যপারটা আরও ভালভাবে বোঝার জন্য–

কোন বাটনে Click ইভেন্টে নিম্নের ন্যায় কোড লিখুন–

```
get = Msgbox ("Do You Want to Exit?", 4 + 32)
If get = 6 Then
     End
Else
     Msgbox ("You Press No");
End if
```


কোড লিখার পর প্রোগ্রামটি রান করলে Yes এবং No সম্বলিত ডায়ালগ বক্স প্রদর্শিত হবে। Yes বাটন ক্লিক করলে ফর্মটি Exit হবে এবং No বাটন ক্লিক করলে You Press No লেখা প্রদর্শিত হবে।

১০.২ ভিজুয়্যাল ডাটা ম্যানেজার (Visual Data Manager) ঃ

ভিজুয়্যাল ডাটা ম্যানেজারের মাধ্যমে ডাটাবেস তৈরির কাজ করা যায়। ভিজুয়্যাল ডাটা ম্যানেজারের মাধ্যমে MS-ACCESS-এর পরিবর্তে ডাটাবেস/টেবিল তৈরি, ডাটা এন্ট্রি, ডাটা আপডেট ইত্যাদি কাজ সম্পাদন করা যায়। মাইক্রোসফট অ্যাক্সেস-2000, Xp-তে তৈরি ডাটাবেস ফাইল ভিজুয়্যাল বেসিকে কাজ করে না, তাই ভিজুয়্যাল ডাটা ম্যানেজারের মাধ্যমে ডাটাবেস তৈরির প্রয়োজন হয়ে থাকে। ধরি Student নামে একটি ডাটাবেজ তৈরি করতে হবে যেখানে Info নামের একটি টেবিল থাকবে এবং ঐ টেবিলের ফিল্ডগুলো হবে Name, FName, Address, Technology, Semester, Mobile.

১। প্রথমে Add-Ins মেনুতে ক্লিক করুন।

২। তারপর Visual Data Manager এ ক্লিক করুন। ফলে নিম্নের ন্যায় প্রদর্শিত হবে।




চিত্র ঃ ১০.৭ Visual data window

৩। তারপর File মেনুতে ক্লিক করুন।

৪। তারপর New-এ ক্লিক করুন।


৫। তারপর Microsoft Access–এ ক্লিক করুন। ফলে Version 2.0MDB ও Version 7.0MDB দেখা যাবে।

৬। তারপর Version 7.0MDB নির্বাচন করুন। ফলে নিম্নের ন্যায় প্রদর্শিত হবে।



চিত্র ঃ ১০.৮ Save dialog Box.


৭। তারপর ডাটাবেসের নাম হিসাবে student টাইপ করুন এবং Save বাটনে ক্লিক করুন। ফলে নিম্নের ন্যায় দুটি উইন্ডো প্রদর্শিত হবে।



চিত্র ঃ ১০.৯ Database ও SQL উইন্ডো


৮। তারপর Properties-এ রাইট বাটন ক্লিক করুন।

৯। তারপর New Table-এ ক্লিক করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন–



চিত্র ঃ ১০.১০ Table Structure window


১০। তারপর Add Field বাটনে ক্লিক করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১০.১১ Add Field window


১১। তারপর Name বক্সে Name এবং Type বক্সে Text এবং Size বক্সে ফিল্ড সাইজ নির্ধারণ করুন।

১২। তারপর Ok বাটনে ক্লিক করুন। ফলে Name ফিল্ড টেবিলে যুক্ত হবে এবং Add Field ডায়ালগ বক্স ফাঁকা হবে। এখন পুনরায় Name বক্সে F Name টাইপ করুন এবং Type বক্সে Text এবং Size বক্সে ফিল্ড সাইজ নির্ধারণ করুন এবং Ok বাটনে ক্লিক করুন। ফলে পুনরায় FName টেবিলে যুক্ত হবে এবং Add Field ডায়ালগ বক্স ফাঁকা হবে এবং ফাঁকা ঘরে পুনরায় প্রয়োজনীয় ডাটা এন্ট্রি করুন এবং Ok ক্লিক করুন। ফিল্ডসমূহ এন্ট্রি শেষ হলে Close বাটনে ক্লিক করুন। ফলে নিম্নের ন্যায় দেখাবে।



চিত্র ঃ ১০.১২ Field এন্ট্রিকৃত Table Structure Window

১৩। এবার Build the Table বাটনে ক্লিক করুন। ফলে Info নামে টেবিল তৈরি হবে এবং নিম্নের ন্যায় দেখা যাবে–



চিত্র ঃ ১০.১৩ Visual data Window

এখন Info-তে ডাবল ক্লিক করে প্রয়োজনমত ডাটা এন্ট্রি করুন।

সম্ভাব্য মৌখিক প্রশ্নোত্তর

১। ব্রাঞ্চিং (Branching) কী?

উত্তর ঃ প্রোগ্রামের কোন অংশবিশেষ যদি নির্দিষ্ট শর্ত সত্য হলে এক ধরনের ফলাফল এবং মিথ্যা হলে অন্য ধরনের ফলাফল প্রদান করে তবে তাকে Branching বা Conditional স্টেটমেন্ট বলে।

যেমন : 9f.......Then statement, Select Case statement ইত্যাদি।

২। লুপিং (Looping) কী?

উত্তর ঃ প্রোগ্রামের কোন্ অংশবিশেষ নির্দিষ্ট সংখ্যকবার বা প্রদত্ত কোন শর্তে না পৌছা পর্যন্ত পুনরাবৃত্তি করাকে লুপিং বলে। যেমন Do.......Loop, For.....Next Loop ইত্যাদি।

৩। 9f.............................Then statement-এর গঠন লিখ।

উত্তর ঃ 9f Condition Then

Statement.

৪। While.................Wend Loop-এর Syntax লিখ।

উত্তর ঃ While (Condition)

Statement (s)

Wend.

৫। Select Case statement-এর কাজ লিখ।

উত্তর ঃ Select Case হলো সিদ্ধান্তমূলক statement, যা দুই বা ততোধিক Block Code থেকে একটি Block Code-কে নির্বাচন করে ও execute করে।

৬। For.........................Next Statement-এর গঠন লিখ।

উত্তর ঃ For counter = Start to End Step Inc/Dcr Counter

Statements

Next Counter.

৭। ইনপুট বক্স (Input Box)-এর কাজ কী?

উত্তর ঃ কোন ইউজারের নিকট থেকে কোন ডাটা নেওয়ার জন্য Input Box ব্যবহার করা হয়।

৮। মেসেজ বক্স (Message Box)-এর কাজ কী?

উত্তর ঃ Input Box-এর মাধ্যমে ডাটা ইনপুট নিয়ে তা প্রদর্শন করার জন্য মেসেজ বক্স ব্যবহৃত হয়।

অধ্যায়-১১

সাধারণ কন্ট্রোলসমূহ (Intrinsic Controls)

১১.০ ভূমিকা (Introduction) ঃ

সাধারণ কন্ট্রোলসমূহ ভিজুয়্যাল বেসিকের Standard. exe ফাইল ধারণ করে থাকে। অর্থাৎ, ভিজুয়্যাল বেসিকের টুলবক্সে এ সকল কন্ট্রোলসমূহ থাকে। কন্ট্রোলসমূহ হল– টেক্সট বক্স (Text Box), লেবেল (Label), কমান্ড বাটন (Command Button), পিকচার বক্স (Picture Box), ইমেজ কন্ট্রোল (Image Control), ফ্রেম (Frame), চেক বক্স (Check Box), লিস্ট বক্স (List Box), কম্বো বক্স (Combo Box), টাইমার কন্ট্রোল (Timer Control), ড্রাইভ, ডিরেক্টরি এবং ফাইল লিস্ট বক্স (Drive, Directory and File List Box), স্ক্রোলবার (Scroll Bar), অপশন বাটন (Option Button), লাইন অ্যান্ড শেপ কন্ট্রোল (Line and shape Control), ডাটা কন্ট্রোল (Data Control) ইত্যাদি।

টেক্সট বক্স (Text Box) ঃ

প্রোগ্রাম চলাকালীন সময়ে যে বক্সে ইউজার (User) হতে কোন ইনপুট দেওয়া যায় বা এডিট করা যায় এবং আউটপুট দেখা যায় তাই টেক্সট বক্স।

টেক্সট বক্সের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ


Properties	Description
Name	ফর্মে সংযুক্ত প্রতিটি টেক্সট বক্সের জন্য অবশ্যই একটি করে নাম দিতে হয়, যা পরবর্তীতে প্রোগ্রামিং-এর সময় ব্যবহার করা হয়। ভিজুয়্যাল বেসিক স্বয়ংক্রিয়ভাবে প্রতিটি টেক্সট বক্সের জন্য Text 1, Text 2, Text 3 ইত্যাদি নাম দিয়ে থাকে। ইচ্ছা করলে টেক্সট বক্সের নাম পরিবর্তন করা যায়। নাম পরিবর্তনের জন্য ঐ টেক্সট বক্সটি নির্বাচন করুন। তারপর Name প্রোপার্টির মান পরিবর্তন করুন। যেমন– Txtid।
Maxlength	কোন টেক্সট বক্সে সর্বোচ্চ কতটি ক্যারেক্টর বা বর্ণ টাইপ করা যাবে তা এই প্রোপার্টির মাধ্যমে নির্ধারণ করা হয়। অনেক সময় সর্বোচ্চ কতটি ক্যারেক্টর নিতে পারবে তা নির্ধারণ করার প্রয়োজন হয়। যদি ২০ লিখা হয় তাহলে সর্বোচ্চ ২০টি ক্যারেক্টর টাইপ করা যাবে।
Multiline	এই প্রোপার্টির মাধ্যমে ব্যবহারকারী একই টেক্সট বক্সে একাধিক লাইন টাইপ করার সুবিধা পেতে পারে। প্রোপার্টির মান True করলে একাধিক লাইন ব্যবহার করা যাবে এবং False হলে শুধুমাত্র একটি লাইন ব্যবহার করা যাবে।
Password Char	টেক্সট বক্সটি যদি Password-এর জন্য ব্যবহার করা হয় তাহলে এই প্রোপার্টিজ যে-কোন ক্যারেক্টর যেমন *, # ইত্যাদি সেট করে দিতে পারি, ফলে প্রোগ্রাম রান করার পর ঐ টেক্সট বক্সে যাই টাইপ করি শুধু ঐ নির্ধারিত (*, #) ক্যারেক্টর প্রদর্শিত হবে। ফলে Password-এর গোপনীয়তা রক্ষা হবে।

Properties	Description
[illegible]	ইউজার হতে কোন ডাটা নেয়া বা প্রদর্শন করতে এই প্রোপার্টি ব্যবহার করা হয়। টেক্সট বক্স মেনুতে ফাঁকা রাখা হয় অথবা এই প্রোপার্টিতে যদি Enter Your Data লিখি, তাহলে প্রোগ্রাম রান করলে Enter You Data প্রদর্শিত হবে।
[illegible]	Multiline প্রোপার্টিজ True করার ফলে একাধিক লাইন টেক্সট বক্সে প্রদর্শিত হয়। এই একাধিক লাইন নিয়ে কাজ করতে Scrollbars প্রোপার্টিজ সেট করতে হবে। Scrollbars-এর প্রোপার্টিজ হল— 1-(Horizontal), 2-(Vertical), 3-(Both).

✡ **টেক্সট বক্সের ব্যবহার ঃ** কোন টেক্সট বক্সে ইনপুট হিসাবে শুধুমাত্র ক্যারেক্টার গ্রহণ করবে এমন একটি প্রোগ্রাম লিখ।


◆ প্রথমে ভিজুয়্যাল বেসিকে একটি প্রজেক্ট ওপেন করুন।

◆ তারপর ফর্মে নিম্নের ন্যায় টেক্সট বক্স ব্যবহার করুন।



চিত্র ঃ ১১.১ টেক্সট বক্সের ব্যবহার

◆ তারপর Text1 বক্সের Keypress ইভেন্টে নিম্নের ন্যায় টাইপ করুন।



চিত্র ঃ ১১.২ Text বক্সের Keypress ইভেন্টের ব্যবহার

◆ তারপর প্রজেক্টটি রান করুন বা F5 প্রেস করুন।

লেবেল (Label) ঃ ফর্মের কোন অবজেক্টের তথ্যাবলি বা ক্যাপশন প্রকাশ করতে যে অবজেক্ট ব্যবহার করা হয়, তাই লেবেল। লেবেল অধিকাংশ ক্ষেত্রে ডিজাইন টাইমেই ব্যবহার করা হয়। অর্থাৎ, প্রোগ্রাম চলাকালীন সময়ে লেবেলের ভেল্যু (Value) পরিবর্তন হয় না।

✿ **লেবেলের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ**


Property	Description
[illegible]	লেবেলের মধ্যে যা লেখা হয়েছে তা বামে বা ডানে, বা মাঝখানে প্রদর্শিত হবে কিনা তা এই প্রোপার্টির মাধ্যমে নির্ধারণ করা হয়। তবে অবশ্যই মনে রাখতে হবে ঐ লেবেলেরই মধ্যে প্রদর্শিত হবে, ফর্মে নয়।
[illegible]	লেবেলের এই প্রোপার্টির মাধ্যমেই তথ্য প্রদর্শন করা হয়। লেবেলের Caption প্রোপার্টির ডিফল্ট মান হিসাবে Label 1, Label 2 ইত্যাদি থাকে তা মুছে Enter Your Data বা Enter Your Name এই ধরনের তথ্য টাইপ করতে পারি, যা প্রোগ্রাম রান করলে প্রদর্শিত হবে।
[illegible]	লেবেলের লেখার ফন্ট, ফন্ট সাইজ নির্ধারণ করার জন্য Font প্রোপার্টিজ ব্যবহার করা হয়।
[illegible]	কোন লেবেলের মেসেজ সম্পূর্ণ লেখা না গেলে Tool Tip Text ব্যবহার করা হয়। ফর্ম রান করার পর লেবেলের উপর মাউস পয়েন্টার রাখলে যে মেসেজ ভেসে ওঠে তাই Tool Tip Text.

✿ **লেবেলের ব্যবহার ঃ** একটি ফর্মের ২টি লেবেলে তারিখ (Date) ও সময় (Time) প্রদর্শন করার একটি প্রোগ্রাম লিখ।

◆ প্রথমে ভিজুয়্যাল বেসিকে একটি প্রজেক্ট ওপেন করুন।


◆ তারপর ফর্মের ২টি লেবেল সংযুক্ত করুন।

◆ তারপর From এর Load ইভেন্টে নিম্নের ন্যায় টাইপ করুন।



চিত্র ঃ ১১.৩ লেবেলের ব্যবহার

◆ তারপর F5 প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১১.৪ লেবেল ব্যবহারের ফলাফল


কমান্ড বাটন (Command Button) ঃ কোন অ্যাকশন বা নির্দেশ দেওয়ার জন্য এই বাটন ব্যবহার করা হয়। অর্থাৎ, কোন প্রসেস শুরু বা শেষ বা ইন্টারাপ্ট করতে ব্যবহার করা হয়।

✡ কমান্ড বাটনের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ

Property	Description
Caption	এই প্রোপার্টির মাধ্যমে ঐ বাটনে যে লেখা প্রদর্শন করা দরকার তা ঐ Caption প্রোপার্টিতে লেখা হয়। তবে Default হিসাবে Caption প্রোপার্টির মান Command1, Command 2 ইত্যাদি লেখা থাকে, তবে পরিবর্তন করে OK, Cancel, Apply, Save, Exit ইত্যাদি লেখা হয়।
Enabled	কমান্ড বাটনকে Enable বা Disable করতে Enabled প্রোপ্রার্টিজ ব্যবহার করা হয়। প্রোগ্রামে অনেক সময় কমান্ড বাটনকে সক্রিয় বা নিষ্ক্রিয় করার প্রয়োজন হলে এটা ব্যবহার করা হয়।
Picture	কমান্ড বাটনের সৌন্দর্য বৃদ্ধির জন্য Picture প্রোপার্টিজ ব্যবহার করা হয়। অর্থাৎ, কমান্ড বাটনে যদি কোন পিকচার বা ছবি ব্যবহার করতে হয়, তখন এটা ব্যবহার করা হয়। তবে উল্লেখ্য যে, Picture প্রোপার্টিজ ব্যবহার করার পূর্বে অবশ্যই STYLE প্রোপার্টিজ graphical সেট করতে হবে।
Style	Style প্রোপার্টির মাধ্যমে বাটনকে গ্রাফিক্যাল প্রদর্শন করা যায়। যদি বাটনে কোন ছবি ব্যবহার করতে চাই তাহলে Style প্রোপার্টি অবশ্যই graphical সেট করতে হবে, তারপর Picture প্রোপার্টির মাধ্যমে ছবি প্রদর্শন করতে হবে।


✡ কমান্ড বাটনের ব্যবহার ঃ দুটি টেক্সট বক্স ব্যবহার করে একটি টেক্সট বক্স হতে ডাটা কপি করে অন্য টেক্সট বক্সে পাঠানোর একটি প্রোগ্রাম লিখ।

- প্রথমে ভিজুয়্যাল বেসিকে একটি প্রজেক্ট ওপেন করুন।
- তারপর ফর্মে ২টি টেক্সট বক্স ও ২টি কমান্ড বাটন সংযুক্ত করুন।
- তারপর কমান্ড বাটনের Caption প্রোপার্টিজ-এ যথাক্রমে Copy ও Exit টাইপ করুন।
- তারপর Copy বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড টাইপ করুন।




চিত্র ঃ ১১.৫ কমান্ড বাটনের ব্যবহার

◆ তারপর Exit বাটনে ডাবল ক্লিক করে নিম্নের কোড টাইপ করুন।



চিত্র ঃ ১১.৬ কমান্ড বাটনের ব্যবহার

◆ তারপর [F5] প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১১.৭ কমান্ড বাটন ব্যবহারের ফলাফল

পিকচার বক্স (Picture Box) ঃ পিকচার বক্স হলো এক ধরনের কন্টেইনার, যেখানে গ্রাফিক্স ফাইল (যেমন– বিটম্যাপ (Bitmap), আইকন (Icon) বা মেটাফাইল (Metafile), জিফ (Gif), ফাইল ইত্যাদি লোড করা হয়। শুধুমাত্র এই কন্ট্রোলটিই MDI ফর্মে ব্যবহার করা যায়।

✡ পিকচার বক্সের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ

Property	Description
Autosize	এই প্রোপার্টি True হলে গ্রাফিক্স ফাইলের আকার অনুযায়ী পিকচার বক্সটা ছোট-বড় হবে। কিন্তু False করা থাকলে পিকচার বক্সের আকার পরিবর্তন হবে না। ছবি ছোট হলে ছোট দেখাবে, আর বড় হলে পিকচার বক্সের বাইরে চলে যাবে।
Picture	এই প্রোপার্টির মাধ্যমে গ্রাফিক্স ফাইল নির্ধারণ করা হয়। প্রোপার্টির মান ডিজাইন মুডে বা রান মুডে সেট করা যায়।

✡ **পিকচার বক্সের ব্যবহার ঃ** ফর্মে একটি পিকচার বক্স ব্যবহার করে একটি প্রোগ্রাম লিখুন।

◆ প্রথমে ভিজুয়্যাল বেসিক হতে একটি প্রজেক্ট ওপেন করুন।


◆ তারপর ফর্মে পিকচার বক্স সংযুক্ত করুন।

◆ তারপর ফর্মের Load ইভেন্টে নিম্নের ন্যায় কোড লিখুন।

```
Private Sub Form1 – Load ( )
Picture1. Picture = Loadpicture ("C : /AB.BMP")
End Sub
```

তবে C ড্রাইভে অবশ্যই AB.BMP ফাইলটি থাকতে হবে।

◆ তারপর F5 প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১১.৮ পিকচার বক্সের ব্যবহার

ইমেজ কন্ট্রোল (Image Control) ঃ ইমেজ কন্ট্রোল এক ধরনের কন্টেইনার যেখানে গ্রাফিক্স ফাইল (যেমন– ..BMP, .ICO, .Gif ইত্যাদি) প্রদর্শন করা যায়। এই অবজেক্টের Stretch নামের প্রোপার্টির সাহায্যে গ্রাফিক্সকে সুবিধামত ব্যবহার করা যায়।

অর্থাৎ, সম্পূর্ণ গ্রাফিক্স ফাইলকে ছোট বা বড় আকারে দেখা যায়।

✡ **ইমেজ কন্ট্রোলের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ**

Property	Description
Picture	এই প্রোপার্টির মাধ্যমে Image বক্সের জন্য গ্রাফিক্স ফাইল নির্ধারণ করা হয়।
Name	ফর্মে সংযুক্ত প্রতিটা ইমেজেরই নাম থাকে, যা পরে বিভিন্ন কাজে অর্থাৎ প্রোগ্রাম কোডিং-এর সময় ব্যবহার করা হয়। ভিজুয়্যাল বেসিক স্বয়ংক্রিয়ভাবে প্রতিটি ইমেজের জন্য Image 1, Image 2 ইত্যাদি নাম দেয়। তবে ইমেজটা সিলেক্ট করে Name প্রোপার্টির নাম পরিবর্তন করতে পারি।
Property	**Description**
Stretch	এই প্রোপার্টির মাধ্যমে Image বক্সের সাইজ অনুযায়ী গ্রাফিক্স ফাইল প্রদর্শন করা যায়। যদি ফাইলটি ছোট হয় এবং Image বক্সটি বড় হয়, তাহলে গ্রাফিক্স ফাইলটি বড় হয়ে Image বক্সের সমান আকার ধারণে করবে। আবার গ্রাফিক্স ফাইলটি বড় এবং Image বক্সটি ছোট হলে তা ঐ ছোট বক্সের মধ্যেই সম্পূর্ণ দেখাবে।

✿ **ইমেজ কন্ট্রোলের ব্যবহার ঃ** ইমেজ কন্ট্রোল ও পিকচার বক্স ব্যবহার করে একটি প্রোগ্রাম লিখুন।

◆ প্রথমে একটি প্রজেক্ট ওপেন করুন।

◆ তারপর ফর্মে একটি পিকচার বক্স ও একটি ইমেজ কন্ট্রোল সংযুক্ত করুন।

◆ তারপর ফর্মে লোড ইভেন্টে নিম্নের ন্যায় কোড লিখুন।

```
Private Sub Form1– Load ( )
Picture1, Picture = LoadPicture ("C: \AB.BMP")
Image1. Picture = Load Picture ("C: \AC.BMP")
End Sub
```

◆ তারপর F5 প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১১.৯ ইমেজ কন্ট্রোলের ব্যবহার

কম্বো বক্স (Combo Box) ঃ লিস্ট বক্স ও টেক্সট বক্সের সম্মিলিতরূপই হলো কম্বো বক্স। কম্বো বক্সের ডানে একটি ছোট ত্রিভুজ থাকে। ঐ ত্রিভুজ ক্লিক করলে একটি লিস্ট বক্স দেখা যাবে। কম্বো বক্সে শুধুমাত্র একটি ডাটা প্রদর্শিত হয়। কম্বো বক্স মূলত তিন ধরনের হয়ে থাকে, যা Style প্রোপার্টির মাধ্যমে ব্যবহার করা যায়।

১. 0 — Drop Down Combo Box : যদি প্রোপার্টির মান 0 নির্ধারণ করা হয়, তাহলে কম্বো বক্সটা Drop Down Combo হিসাবে কাজ করবে। এই ধরনের কম্বো বক্সে তিনটি অংশ আছে, এডিট অংশ, ড্রপ-ডাউন বাটন এবং লিস্ট অংশ। এডিট অংশে যে-কোন কিছু টাইপ করতে পারবো। ড্রপ ডাউন বাটনটা এডিট অংশের ডানদিকে থাকলেও এটা এডিট বক্স এর কোন অংশ নয়। এই বাটনে ক্লিক করে লিস্ট অংশটা প্রদর্শন করা যায়।

২. 1 – Simple Combo Box : যদি প্রোপার্টির মান 1 নির্ধারণ করা হয়, তাহলে কম্বো বক্সটা Simple Combo হিসাবে কাজ করবে। এই ধরনের কম্বো বক্সের লিস্ট অংশটা প্রদর্শন করাই থাকে। অর্থাৎ, এতে কোন ড্রপ-ডাউন লিস্ট থাকে না। তাই Height প্রোপার্টির মাধ্যমে এই ধরনের কম্বো বক্সের উচ্চতা নির্ধারণ করতে হয়।

৩. 2 – Drop Down List ঃ যদি Style প্রোপার্টির মান 2 নির্ধারণ করা হয় তাহলে কম্বো বক্সটা Drop down list হিসাবে কাজ করে। এ ধরনের কম্বো বক্সের এডিট অংশে কোন কিছু টাইপ করা যাবে না।

কম্বো বক্সের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ

Property	Description
Name	ফর্মে সংযুক্ত প্রতিটি Combo Box এরই নাম থাকে, যা পরে প্রোগ্রামিং-এর সময় ব্যবহার করা হয়। ভিজ্যুয়াল বেসিক স্বয়ংক্রিয়ভাবে প্রতিটি Combo box এর নাম দিয়ে থাকে, যেমন– Combo1, Combo2, Combo3 ইত্যাদি।
List	List প্রোপ্রার্টির মাধ্যমে ডিজাইন মোডে কম্বো বক্সে নতুন আইটেম সংযুক্ত করা যায়।
Style	কোন এপ্লিকেশনে কম্বো বক্সের আকার নির্ধারণ করতে Style প্রোপ্রার্টিজ ব্যবহার করা হয়। যদি প্রোপ্রার্টির মান – 0 নির্ধারণ করা হয় তাহলে কম্বো বক্সটা Drop Down Combo হিসাবে কাজ করবে। যদি প্রোপ্রার্টির মান – 1 নির্ধারণ করা হয় তাহলে কম্বো বক্সটা Simple Combo হিসাবে কাজ করবে। যদি প্রোপ্রার্টির মান – 2 নির্ধারণ করা হয় তাহলে কম্বো বক্সটা Drop Down List হিসাবে কাজ করবে।

✡ **কম্বো বক্সের ব্যবহার ঃ** কম্বো বক্স, টেক্সট বক্স ও কমান্ড বাটন ব্যবহার করে ১টি প্রোগ্রাম লিখুন, যেখানে টেক্সট বক্স হতে কোন ডাটা কম্বো বক্সে যোগ করা যাবে।

◆ প্রথমে একটি প্রজেক্ট ওপেন করুন।


◆ তারপর ফর্মে ১টি টেক্সট বক্স, ১টি কম্বো বক্স ও একটি কমান্ড বাটন সংযুক্ত করুন।

◆ তারপর কমান্ড বাটনের Caption-এর মান Copy টাইপ করুন এবং টেক্সট বক্সের Text প্রোপার্টিজ খালি করুন।

◆ তারপর Copy কমান্ড বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখুন

```
Private Sub Command1– Click ( )
Combo1. AddItem Text1. Text
End Sub.
```

◆ তারপর F5 প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১১.১০ কম্বো বক্সের ব্যবহার

লিস্ট বক্স (List Box) ঃ

তথ্যকে তালিকা আকারে প্রকাশ করতে লিস্ট বক্স ব্যবহার করা হয়। লিস্ট বক্সের আইটেমকে সিলেক্ট করা যায়। যদি আইটেমের পরিমাণ বেশি হয়, তাহলে স্ক্রোলবার অটোমেটিক্যালি যোগ হবে। লিস্ট বক্সের কোন আইটেম সিলেক্ট করা না থাকলে ListIndex প্রোপার্টিজ এর মান –1 হবে।

লিস্ট বক্সের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ


Property	Description
Columns	লিস্ট বক্সের বিভিন্ন আইটেম একসাথে কয় কলামে প্রদর্শিত হবে তা এই প্রোপার্টিজ-এর মাধ্যমে নির্ধারণ করা যায়। প্রোপার্টির মান 0 হলে আইটেমগুলো একটি কলামে প্রদর্শিত হবে। কিন্তু মান যদি দুই বা ততোধিক হয়, তাহলে কলামও দুই বা ততোধিক হবে।
List	এই প্রোপার্টির মাধ্যমে ডিজাইন মোডে লিস্ট বক্সের জন্য আইটেম নির্ধারণ করা যায়। এই প্রোপার্টির পাশের টেক্সট বক্স-এ যে ডাউন অ্যারো আছে তাতে ক্লিক করলে একটা বক্স প্রদর্শিত হবে। উল্লেখ্য যে, এই বক্স-এ প্রথম আইটেম লেখার পর পরবর্তী লাইন যেতে হলে Ctrl + Enter ব্যবহার করতে হবে। অন্যথায় পরবর্তী লাইন পাওয়া যাবে না।
Multi select	লিস্ট বক্সের আইটেমগুলো ব্যবহারকারী কীভাবে সিলেক্ট করতে পারবে তা এই প্রোপার্টির মাধ্যমে নির্ধারণ করা যায়। এই প্রোপার্টি কেবলমাত্র ডিজাইন মোডেই সেট করা যায়। এই প্রোপার্টির মান যদি 0 সিলেক্ট করা হয়, তাহলে ব্যবহারকারী লিস্ট বক্স থেকে একসাথে কেবল একটাই আইটেম সিলেক্ট করতে পারবে। প্রোপার্টির মান 1 হলে ব্যবহারকারী একাধিক আইটেম সিলেক্ট করতে পারবে। আবার প্রোপার্টির মান 2 হলেও ব্যবহারকারী একাধিক আইটেম সিলেক্ট করতে পারবে। তবে রান টাইমে একাধিক আইটেম সিলেক্ট করতে Shift কী ব্যবহার করা যায়।
Sorted	লিস্ট বক্স-এর আইটেমগুলো বর্ণের ক্রমানুসারে প্রদর্শিত হবে কি-হবে না, তা এই প্রোপার্টির মাধ্যমে ঠিক করা যায়। এই প্রোপার্টির মান False সেট করা থাকলে লিস্ট বক্সে যেভাবে লেখা হয়েছে, সেভাবেই আইটেমগুলো প্রদর্শিত হবে। কিন্তু প্রোপার্টির মান TRUE হলে তা ক্রমানুসারে প্রদর্শিত হবে।
Style	লিস্ট বক্সের প্রতিটি আইটেম-এর পাশে চেক বক্স প্রদর্শিত হবে কিনা তা এই প্রোপার্টির মাধ্যমে নির্ধারণ করা হয়। প্রোপার্টির মান 0 হলে চেক বক্স প্রদর্শিত হবে না, আর প্রোপার্টির মান 1 হলে চেকবক্স প্রদর্শিত হবে।

লিস্ট বক্সের ব্যবহার ঃ কোন টেক্সট বক্স হতে ডাটা লিস্ট বক্সে যোগ করার একটি প্রোগ্রাম লিখুন।

- প্রথমে একটি প্রোজেক্ট ওপেন করুন।
- তারপর একটি টেক্সট বক্স, একটি লিস্ট বক্স ও একটি কমান্ড বাটন ফর্মে সংযুক্ত করুন।
- তারপর কমান্ড বাটনে ডাবল ক্লিক করে নিম্নোক্ত কোড লিখুন।

```
Private Sub Command1–Click ( )
list1. AddItem              Text1. Text
end sub
```

- তারপর F5 প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন এবং টেক্সট বক্সে ডাটা টাইপ করুন এবং কমান্ড বাটনে ক্লিক করুন।



চিত্র ঃ ১১.১১ লিস্ট বক্সের ব্যবহার

লাইন অ্যান্ড শেপ কন্ট্রোল (Line and Shape Control) ঃ ফর্মে লাইন, বক্স এবং সকল প্রকার বৃত্ত অঙ্কন করতে লাইন অ্যান্ড শেপ কন্ট্রোলটি ব্যবহার করা হয়। যে-সকল ফিগার অঙ্কন করা যায় তা নিম্নে দেওয়া হল–

১. Lines

২. Rectangles

৩. Squares

৪. Ovals

৫. Circles

৬. Rounded Rectangles

৭. Rounded Squares.

১. লাইনস (Lines) ঃ বিভিন্ন widths এর লাইন অঙ্কন করতে লাইন কন্ট্রোল ব্যবহার করা হয়।

✡ লাইনস কন্ট্রোলের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ

Property	Description
Border width	লাইনের বর্ডার সাইজ নির্ধারণ করার জন্য এই প্রোপার্টি ব্যবহার করা হয়।
X_1	লাইন শুরুর দিকে x অক্ষ নির্ধারণ করতে x_1 প্রোপার্টি ব্যবহার করা হয়।
X_2	কোন লাইনের শেষ বিন্দুর x অক্ষ নির্ধারণ করতে এই প্রোপার্টির মান ব্যবহার করা হয়।
Y_1	কোন লাইনের শুরু বিন্দুর y অক্ষ নির্ধারণ করতে এই প্রোপার্টির মান ব্যবহার করা হয়।
Y_2	কোন লাইনের শেষ বিন্দুর y অক্ষ নির্ধারণ করতে এই প্রোপার্টির মান ব্যবহার করা হয়।

✡ লাইনস কন্ট্রোলের ব্যবহার ঃ

x_1, y_1, x_2 ও y_2 এর মান ব্যবহার করে একটি প্রোগ্রাম লিখুন।


◆ প্রথমে একটি প্রজেক্ট ওপেন করুন।

◆ তারপর ফর্মে চারটি টেক্সট বক্স এবং একটি কমান্ড বাটন ও ১টি লাইন সংযুক্ত করুন।

◆ তারপর কমান্ড বাটনে ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড লিখুন–

```
Private Sub Command– Click ( )
Line1. x1 = Val (Text 1, Text)
Line1. y1 = Val (Text 2, Text)
Line1. x2 = Val (Text 3, Text)
Line1. y2 = Val (Text 4, Text)
End Sub
```

◆ তারপর F5 প্রেস করুন এবং টেক্সট বক্সে ভিন্ন ভিন্ন মান ব্যবহার করে কমান্ড বাটন ক্লিক করুন।



চিত্র ঃ ১১.১২ লাইনস কন্ট্রোলের ব্যবহার

✡ **শেপ কন্ট্রোল ঃ** ফর্মে ছয় প্রকার ফিগার অঙ্কন করতে শেপ কন্ট্রোল ব্যবহার করা হয়। শেপগুলোতে আপনি ইচ্ছে করলেই বিভিন্ন রং এবং কোড ব্যবহার করতে পারেন।

✡ **শেপ কন্ট্রোলের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ**

Property	Description
Shape	এই প্রোপার্টির মাধ্যমে ছয় (৬) ধরনের Shape তৈরি করা যায়। এই প্রোপার্টির মান যদি θ হয়, তাহলে Rectangle আকারে প্রদর্শিত হবে।

Shape প্রোপার্টিজ-এর বিভিন্ন মান


Value	Description
θ–Rectangle	একটি Rectangle হবে।
1–Square	একটি Square হবে।
2–Oval	একটি Oval হবে ।
3–Circle	একটি Circle হবে ।
4–Rounded.Rectangle	একটি গোলাকৃতির Rectangle হবে ।
5–Rounded Square	একটি গোলাকৃতির Square হবে ।

✡ **শেপ কন্ট্রোলের ব্যবহার ঃ** বিভিন্ন প্রকার শেপ (Shape) তৈরির একটি প্রোগ্রাম তৈরি কর।

- প্রথমে একটি প্রজেক্ট ওপেন করুন।
- তারপর ফর্মে ১টি শেপ, ১টি টেক্সট বক্স ও একটি কমান্ড বাটন সংযুক্ত করি।
- তারপর কমান্ড বাটনে নিম্নোক্ত কোড লিখি।

```
Private Sub Command1– Click ( )
Shape1. Shape = Val (Text1. Text)
End Sub
```

- তারপর F5 প্রেস করুন এবং টেক্সট বক্সে ০ (শূন্য) – ৫ যে-কোন মান দিয়ে কমান্ড বাটনে ক্লিক করে লক্ষ করুন।



চিত্র ঃ ১১.১৩ Shape এর ব্যবহার

টাইমার কন্ট্রোল (Timer Control) ঃ নির্দিষ্ট সময় অন্তর অন্তর নির্ধারিত কোন কাজ সম্পাদন করতে এই কন্ট্রোলটি ব্যবহার করা হয়। প্রোগ্রাম চলাকালীন সময়ে কন্ট্রোলটি অদৃশ্য থাকে।

✡ **টাইমার কন্ট্রোলের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ**


Property	Description
Interval	এই প্রোপার্টির মান মিলিসেকেন্ড হিসাবে নির্ধারণ করা হয়। এই প্রোপার্টির মান 1 থেকে 65535 পর্যন্ত নির্ধারণ করা যায়। Interval প্রোপার্টির জন্য নির্ধারিত মান অনুযায়ী নির্দিষ্ট সময় পর পর নির্ধারিত কাজটি সম্পন্ন করবে।

✡ **টাইমার কন্ট্রোলের ব্যবহার ঃ** টাইমার ব্যবহার করে একটি লেবেলকে ডান থেকে বাম দিকে ঘুরানোর একটি প্রোগ্রাম লিখুন।

- প্রথমে একটি প্রজেক্ট ওপেন করুন।
- তারপর ফর্মে একটি টাইমার, একটি লেবেল সংযুক্ত করুন।
- তারপর Label 1 এর Caption প্রোপার্টিজ-এ Welcome to Visual World লেখাটি টাইপ করুন।
- তারপর Timer1 এবং Interval প্রোপার্টিজ-এ ১৫০ টাইপ করুন।
- তারপর Timer1-এ ডাবল ক্লিক করে Timer ইভেন্টে নিম্নোক্ত কোড লিখুন।

```
Private Sub Timer1–Timer ( )
Label1. Left = Label1. Left–100
IF Label1.Left < = – 8000 Then
Label1. Left = 11000
End if
End sub
```

◆ তারপর F5 প্রেস করুন ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১১.১৪ টাইমারের ব্যবহার

অপশন বাটন (Option Button) ঃ একাধিক অপশন হতে যে-কোন একটি অপশন নির্বাচন করার প্রয়োজনে অপশন বাটন ব্যবহার করা হয়। যে অপশন বাটনটি নির্বাচিত হয় সেই বাটনটি শুধুমাত্র সক্রিয় থাকে এবং বাকি অপশন বাটনগুলো নিষ্ক্রিয় থাকবে।

✡ অপশন বাটনের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ

Caption	এই প্রোপার্টিতে যা লেখা হবে, প্রোগ্রাম চালালে ব্যবহারকারী সংশ্লিষ্ট অপশন বাটনের পাশে তাই দেখতে পাবেন।
Value	প্রোগ্রাম রান করার পর শুরুতে অপশন বাটন সিলেক্ট করা থাকবে কি না এই প্রোপার্টির মাধ্যমে ঠিক করা যায়।

✡ অপশন বাটনের ব্যবহার ঃ অপশন বাটন ব্যবহার করে একটি প্রোগ্রাম লিখুন।

◆ প্রথমে একটি প্রজেক্ট ওপেন করুন।

◆ তারপর ৩টি অপশন বাটন ও ১টি টেক্সট বক্স সংযুক্ত করুন।

◆ তারপর ১টি কমান্ড বাটন সংযুক্ত করুন।

◆ তারপর নিম্নের ন্যায় প্রোপার্টিজ সেট করুন।

Object Name	Properties
Option 1	Name = OP1 Caption = First
Option 2	Name = OP2 Caption = Second
Option 3	Name = OP3 Caption = Three
Text 1	Text = " "
Command 1	Name = Commend exit Caption = Exit

◆ তারপর Option1-এ ডাবল ক্লিক করুন। নিম্নের ন্যায় কোড লিখুন–

```
Private Sub OP1-Click ( )
If OP1. Value = Ture Then
Text1.Text = "You Have Selected First Option Button"
end if
End Sub
```

◆ তারপর Option 2-বাটনে ডাবল ক্লিক করুন। নিম্নের ন্যায় কোড লিখুন–

```
Private Sub OP2-Click ( )
If OP2. Value = Ture Then
Text1.Text = "You Have Selected Second Option Button"
end if
End Sub
```


◆ তারপর Option 3-বাটনে ডাবল ক্লিক করুন। নিম্নের ন্যায় কোড লিখুন–

```
Private Sub OP3-Click ( )
If OP3. Value = Ture Then
Text1.Text = "You Have Selected Third Option Button"
end if
End Sub
```

◆ তারপর Exit বাটনে ডাবল ক্লিক করুন। নিম্নের ন্যায় কোড লিখুন–

```
Private Sub Command1-Click ( )
End
End Sub
```

◆ তারপর F5 প্রেস করুন। ফলে নিম্নের ন্যায় দেখতে পাবেন।



চিত্র ঃ ১১.১৫ Option বাটন ব্যবহারের ফলাফল

চেক বক্স (Check Box) ঃ প্রোগ্রামে True/False কিংবা Yes/No ধরনের অপশন রাখার জন্য এই ধরনের চেক বক্স কন্ট্রোল ব্যবহার করা হয়। কোন প্রোগ্রামে একই সাথে একাধিক চেক বক্সের Value = True হতে পারে আবার Value = False হতে পারে। তবে অপশন বাটনে শুধুমাত্র একটির Value = True হতে পারে।

✡ চেকবক্সের গুরুত্বপূর্ণ প্রোপার্টিজ ঃ

Property	Description
Caption	এই প্রোপার্টিতে যা লেখা হয়, প্রোগ্রাম চালালে সংশ্লিষ্ট চেক বক্সের পাশে তাই প্রদর্শিত হবে।
Value	প্রোগ্রাম রান করার পর শুরুতে চেক বক্সটা যেমন হবে, তা এই প্রোপার্টির মাধ্যমে নির্ধারণ করা যায়। মান হিসাবে 0, 1, 2 ব্যবহার করা যায়।

✡ **চেক বক্সের ব্যবহার ঃ** ফর্মে চেক বক্স ব্যবহার করে ২টি প্রোগ্রাম তৈরি করুন।

- প্রথমে ভিজুয়্যাল বেসিক হতে একটি প্রজেক্ট ওপেন করুন।
- তারপর ফর্মে চারটি চেক বক্স ও ১টি টেক্সট বক্স সংযুক্ত করুন।
- তারপর ১টি কমান্ড বাটন সংযুক্ত করুন।
- তারপর ১টি ফ্রেম সংযুক্ত করুন।
- তারপর নিম্নের ন্যায় প্রোপার্টিজ সেট করুন।

Object Name	Properties
Check Box 1	Caption = Bold
Check Box 2	Caption = Italic
Check Box 3	Caption = Underline
Check Box 4	Caption = Font Size30
Frame 1	Caption = Select Font Style
Text 1	Text = " "
Command 1	Caption = Exit

- তারপর Check Box1 -এ ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড টাইপ করুন–

```
Private Sub Check1-Click ( )
If  check1. Value = 1 Then
Text1.Font. Bold = True
else
Text1. Font. Bold = False
end if
End sub.
```


- তারপর Check2-এ ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় টাইপ করুন–

```
Privat. Sub Check2-Click ()
If Check2. Value = 1 Then
Text1. Font. Italic = True
else
Text1. Font. Italic = False
End if
End Sub
```

- তারপর Check3-এ ডাবল ক্লিক করে নিম্নের ন্যায় কোড টাইপ করুন–

```
Privat. Sub Check3-Click ()
If. Check3. Value = 1 Then
Text1. Font. Underline = True
else
Text1. Font. Underline = False
end if
End Sub
```

- তারপর প্রোগ্রামটি রান করুন এবং নিম্নের ন্যায় ফলাফল লক্ষ করুন–



চিত্র ঃ ১১.১৬ চেক বক্সের ব্যবহার

সম্ভাব্য মৌখিক প্রশ্নোত্তর

১। **Standard Control কাকে বলে?**

উত্তর: ভিজুয়্যাল বেসিকের যে-সকল Control-সমূহ Tool Box-এ সব সময় অবস্থান করে তাকে Standard Control বলে।

২। **কন্ট্রোল অ্যারে (Control Array) কী?**

উত্তর: একই জাতীয় একাধিক Control-এর সংগ্রহকে কন্ট্রোল অ্যারে বলে।

৩। **Text box কন্ট্রোল এর কাজ লিখ ।**

উত্তর: ভিজুয়্যাল বেসিকে ইউজার কর্তৃক নতুন ডাটা ইনপুট বা এডিট কিংবা ডাটা প্রদর্শন করার জন্য Text box ব্যবহার করা হয়।

৪। **লেবেল (Label) কী?**

উত্তর: ফর্মের কোন Object-এর তথ্যাবলি বা ক্যাপশন প্রকাশ করতে যে Control ব্যবহৃত হয় তাই লেবেল।

৫। **লেবেলের Caption প্রোপার্টিজের কাজ কী?**

উত্তর: লেবেল Control-এর Caption প্রোপার্টিজের মাধ্যমে তথ্য প্রদর্শন করা হয়।

৬। **কমান্ড বাটন-এর কাজ কী?**

উত্তর: কোন প্রোগ্রামে কোন কাজের নির্দেশ অর্থাৎ প্রসেস শুরু বা শেষ বা ইন্টারাপ্ট করতে কমান্ড বাটন ব্যবহৃত হয়।

৭। **ইমেজ কন্ট্রোলের কাজ কী?**

উত্তর: ইমেজ Control এক ধরনের কন্টেইনার, যেখানে গ্রাফিক্স ফাইল প্রদর্শন করা যায়।

৮। **লিস্ট বক্স (List Box) কন্ট্রোলের ব্যবহার লিখ ।**

উত্তর: ব্যবহারকারী লিস্ট বক্স কন্ট্রোল ব্যবহার করে লিস্ট বক্সের তালিকা হতে কোন আইটেম নির্বাচন বা নতুন কোন আইটেম যুক্ত করতে পারে।

৯। **অপশন বাটন (Option Button) কী?**

উত্তর: একাধিক অপশন হতে যে-কোন একটি অপশন নির্বাচন করাকে অপশন বাটন বলে।

১০। **লিস্ট বক্স কন্ট্রোলের কয়েকটি Method-এর নাম লিখ।**

উত্তর: AddItem Clear, Move, Refresh ইত্যাদি ।

১১। **Show মেথড-এর কাজ লিখ।**

উত্তর: পর্দা থেকে কোন ফর্ম অদৃশ্যমান করার জন্য Show মেথড ব্যবহৃত হয়।

১২। **Unload মেথড-এর কাজ লিখ।**

